BCSC

BETHUNE COLLEGE STUDENTS' COMMITTEE


PRESENTS

# AALAP 2020


## BETHUNE COLLEGE

181, BIDHAN SARANI,
KOLKATA-700006.

[redacted]


BCSC
BETHUNE COLLEGE STUDENTS' COMMITTEE
PRESENTS
AALAP 2020
TIDES OF ETERNITY
DATE: 22ND DECEMBER
TIME: 5 - 8 PM
PLATFORM: ZOOM
Experience the digital gala on your nearest devices

**'AALAP", The Tides of eternity,** Bethune College's Annual Cultural Festival of students. Bethune College, with its glorious lagacy of academic excellence extends a platform for unveiling the extracurricular talents of the students through this annual fest. The fest provides an interactive platform for our students to work together in harmony. 'AALAP' in itself is a carnival that upholds the celebration of youth, freedom, joy and the cultural diversities that we are proud to.






















Students are encouraged to participate in intra-college competitions that are held every year. This includes creative writing (Bengali and English), elocution, debate, quiz, poster-painting, recitation (Bengali and English), choreography, rabindra Sangeet, light classical and drama competition and many more events.

The pandemic Covid-19 compelled us to adopt towards a virtual way of life. Therefore we have to rethink, reposition AALAP—the tides of eternity, in the changed circumstances. This year the fest may not be held on college premises but that should not be an impediment for our students to express their creative side beyond academics. Therefor this year fest is organized in tune with the 'new normal' way on virtual platform.

# BETHUNE COLLEGE ANNUAL FESTIVAL

## TEACHERS COMMITTEE (2020)

| | | |
|---|---|---|
| **PRINCIPAL** | **:** | **Prof. (Dr.) Krishna Roy** |
| **Secretary, Teachers Council** | **:** | **Dr. Amita Kar** |
| **Advisor** | **:** | **Dr. Deblina Banerjee** |
| **CONVENOR** | **:** | **Dr. Saswati Laha** |
| **CO-CONVENOR** | **:** | **Dr. Mahua Chatterjee** |
| **TREASURER** | **:** | **Sri Krishanu Naskar** |
| **CO-TREASURER** | **:** | **Dr. Ishani Choudhury** |



**MEMBERS**

Sri Sumanta Mukhopadhyay, Smt. Debanjana Basu, Dr. Anindita Dutta, Smt. Sohini Bhattacharya, Smt. Sanjukta Ray, Dr. Amrita Bagchi, Dr. Gopa Bhowmick, Dr. Namita Jaiswal, Smt. Srijnana Ghosh

# আহ্বায়কের কলম ...

**ড. শাশ্বতী লাহা**, আহ্বায়ক, অধ্যাপিকা, উদ্ভিদবিজ্ঞান বিভাগ

সালটা ২০০৩, তখন আমি বসু বিজ্ঞান মন্দিরে উচ্চশিক্ষার উপাধি লাভের চেষ্টায় সংশয় আর অনিশ্চয়তার দোলাচলে মানসিকভাবে বিপর্যস্ত। জরুরি চিকিৎসার কারণে উত্তর কলকাতার এক খ্যাতনামা স্ত্রীরোগ বিশেষজ্ঞের সাক্ষাৎ করার প্রয়োজন হয়ে পড়ে। তখনও কলকাতা আমার শহর হয়নি। সুদূর মফস্বল থেকে উচ্চশিক্ষার জন্য প্রথম বসু বিজ্ঞান মন্দিরে আসা আর সেই সুবাদে ইনস্টিটিউটের আশপাশটাই ছিল আমার চেনা কলকাতা শহর। সেইদিন বাবা-মায়ের সাথে ডাক্তারবাবুর চেম্বার থেকে বেরিয়ে ট্রামলাইন দিয়ে হাঁটতে হাঁটতে আর বাবার কলকাতা বিশ্ববিদ্যালয়ের পড়াশোনার সময়ে তাঁর দেখা কলকাতা শহরের গল্প শুনতে শুনতে হাতিবাগান-বসন্তকেবিন পেরিয়ে ডানদিকের উঁচু পাঁচিল ঘেরা আমার চোখে সেই প্রথম বেথুন কলেজকে দেখা। প্রথম দেখায় ভেবেছিলাম না-জানি কি হয় পাঁচিলের ওপারটায়। আসলে আমার পড়াশোনার পর্ব তো বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে, তাই আমার কাছে কলেজের সংজ্ঞাটা ব্যবহারিক অর্থে একটু অন্য রকম ছিল।

আজ ২০২০, বেথুন কলেজের বাৎসরিক সাংস্কৃতিক উৎসব ‘‘আলাপ’’ এর আহ্বায়কের কলম ধরে মনের কোণে নিজেকেই প্রশ্ন করি প্রথম দেখায় কি মনে হয়েছিল যদি কখনও এই শিক্ষালয়ের অঙ্গ হতে পারি। অবাক লাগে এই ভেবে সেটাও ছিল ২০০৩ সাল, যখন বেথুন কলেজের ঐতিহ্যময় প্রাঙ্গনে শুরু হল এক নতুন প্রচেষ্টা ‘‘আলাপ’’— অনন্তের পথে শুভযাত্রা। এই শিক্ষালয়ের পরিচিতি শুধু গৌরবময় ঐতিহ্যর নয়—প্রথাগত শিক্ষার নিয়মিত পাঠ্যক্রম বহির্ভূত দিকগুলিকেও এই শিক্ষালয় সযত্নে লালন-পালন করে আর তারই বহিঃপ্রকাশ এই বার্ষিক সাংস্কৃতিক উৎসব ‘‘আলাপ’’।

এই ‘২০২০ আলাপ’ একটু অন্যরকম—করোনা ভাইরাস তথা কোভিড প্যান্ডেমিকের ছোবলকে অস্বীকার করে ‘আলাপ ২০২০’ সাজিয়ে নিয়েছে নিজেকে নতুন রূপে নতুন উদ্দীপনায় — নিতান্তই সাবলীল ভাবে, বেথুন কলেজের অনন্যতা বজায় রেখে।

এই জয়যাত্রার যিনি কান্ডারী, সেই বেথুন কলেজের অধ্যক্ষা কৃষ্ণা রায় মহাশয়াকে আমার আন্তরিক সাধুবাদ এই উৎসবকে সর্বাঙ্গীণ সাহায্য দিয়ে সমৃদ্ধ করার জন্য।

ধন্যবাদ জানাই তাঁদের যারা ‘আলাপ ২০২০’ এর সঙ্গে যুক্ত হয়ে এই উৎসবকে সার্থক করেছেন।

আমার সহকর্মী এবং সহযোগী বন্ধুগণ যাঁরা এই উৎসবকে সফল করতে অকুণ্ঠ সহযোগিতা করেছেন তাঁদের জানাই আন্তরিক ভালোবাসা।

ধন্যবাদ জানাই সম্মানীয় বিচারক মণ্ডলীকে যাঁরা তাঁদের মূল্যবান সময় ও মতামত দিয়ে আমাদের ছাত্রীদের উৎসাহিত করেছেন।

সবশেষে আন্তরিক শুভেচ্ছা জানাই আমাদের ছাত্রীদের যাদের কাছে আমাদের প্রতিনিয়ত শিখতে হয়—এই কঠিন পরিস্থিতির সম্মুখীন হয়েও মাথা না ঝুঁকিয়ে ‘‘নতুন স্বাভাবিক’’ এর সাথে মানিয়ে নিয়ে জীবনকে ভালোবেসে—নতুন করে বাঁচার পাঠ। তাদের নিরলস প্রচেষ্টা আর উৎসাহে এই উৎসব সার্থক হয়ে উঠেছে।

# BETHUNE COLLEGE STUDENTS' COMMITTEE (2020-21)

| | | |
|---|---|---|
| **Riddhi Mukherjee** | : | Secretary |
| **Shinjini Kar** | : | Head of Cultural Affairs/Cultural Club |
| **Koushani Ghosh** | : | Head of Literary Affairs/Literary Club |
| **Shaoni Mallick** | : | Head of Creative Affairs/Art and Craft Club |
| **Asmita Ghosh** | : | Head of Public Relations |
| **Tanisha Chakraborty** | : | Treasurer |
| **Anoushka Banerjee** | : | Supervisor/In-Charge of Broad Spectrum Development |
| **Aratrika Sengupta** | : | Head of Human Resources |
| **Rupkatha Sanyal** | : | Head of Event Management |
| **Sanjukta Chakraborty** | : | Coordinator |
| **Shrestha Pal** | : | Head of Documentation |
| **Anwesha Pratihar** | : | Head of Technical and Designs |
| **Arpita Mitra** | : | Sports Secretary |
| **Debodipta Paul** | : | Secretary of Quiz and Debate Club |
| **Debashree Roy** | : | Head of Film and Drama Club |
| **Anwesha Kabiraj** | : | Head of Science and Environment Club |
| **Ranjini Ghosh** | : | Head of Photography Club |

## Deputies

**Manjima Das**
**Joyshree Adhikari**
**Nilaya Das**
**Ayushi Dey**
**Rajnandini Ghosh**
**Adrija Sadhukhan**
**Kamalika Mandal**
**Mehuli Das**
**Rupsa Das**

**Tiasha De**
**Aishwarya Dey**
**Debadrita Chatterjee**
**Ankana Hazra**
**Progya Manna**
**Soumashree Mukherjee**
**Debosmita Das**
**Srijani Das**

## **Aalap 2020** : About Us

*Every year we all hope to experience Aalap on a nice chilly winter morning, all the helter-skelter, people running about decked up in their best, wishing to imbibe the most of the experience we can on this day! Sadly, this year there won't be any events on the college campus, the campus won't get lit up in Christmas colours, there won't be any stalls, there won't be the usual hubbub in the air either. The corona virus pandemic has hit a stall on our regular lives and along with that, the day of Aalap which students of Bethune look forward to throughout the year. So, this year we have decided to move the fest to a virtual platform, where the events remain, with people taking part in the same festive spirit, from the comfort of their homes!*

*I want to thank our Respected Principal, Professor Krishna Roy Madam and Dr Saswati Laha, Convenor of the Fest Committee and all the other Professors in the Fest Committee and the Student Activity Cell for thinking of such an event during the tough times of a pandemic. We hope that this virtual fest will help in uplifting the moods of everybody involved in an otherwise gloomy time; we hope to give some sense of normalcy in these uncertain days. All the members of the Student Committee worked tirelessly with an impeccable promptness, with a zeal to make this virtual fest an equally big success, like the other times. Facing the complications of organizing a fest online, we decided to take pre-recorded submissions of the events like vocals and dance, while hosting events like debate live on a virtual platform. The winners of the pre-recorded events were showcased on a virtual ceremony. We hope to have met all the expectations that were anticipated of us.*


*With best regards and wishing everybody a Happy New Year in advance.*

Riddhi Mukherjee.

**Riddhi Mukherjee**
3rd Year, Economics Department
Secretary, Bethune College Students' Committee

উৎসর্গ

সদ্য প্রয়াতা প্রফেসর উত্তরা চক্রবর্তী,
প্রাক্তন অধ্যাপিকা, ইতিহাস বিভাগ
আহ্বায়ক আলাপ সমিতি ঃ ২০০৩



ফিরে দেখা
এবং
এবারের দেখা

# AALAP 2003 ~ TIDES OF ETERNITY

**Professor Manimala Das**, Principal (2002-2008)

2003 was a very special year for Bethune College. On 16$^{th}$June 2003, Bethune College entered into its 125$^{th}$ year of existence. The Calcutta Gazette published the news of appointment of Baboo Sosi Bhusan Dutt, the first teacher for the College Department of Bethune School on 16$^{th}$ June 1879, which we accepted as the Foundation Day of Bethune College. The year-long celebrations of 125 years of Bethune College was inaugurated by the then Governor Shri Viren J Shah at a function at Rabindra Sadan on 19$^{th}$ June 2003. There was a "Parikrama" of the College campus by the alumna and teachers of Bethune College on 16$^{th}$ June 2003 followed by felicitation of notable alumna, Sm Sudhalata Sarkar and Sm Ashoka Gupta. There was a musical presentation by Sm Debarati Som, an alumna and a play was staged by the students.

The Steering Committee formed for guiding the celebrations had student members along with teachers. During discussions in the meetings, the students raised the idea of organising an intercollege competition of debate and quiz in November 2003 as a part of the celebrations. It was accepted and included in the tentative program published in the Souvenir released on the 19$^{th}$ June 2003. This idea blossomed later on and the students wanted to organize a full-fledged "Fest", a novelty for Bethune College. The matter was discussed informally amongst the teachers. A large number of them, particularly the old-timers, were skeptical about it. They felt that Bethune College as a traditional College was not a place for the new-fangled idea of "Fest", where our girls would be interacting freely with outsiders i.e. students of other colleges in the campus. As if an invisible 'pardah' needed to be maintained by the authorities over the students!

I will admit that my full sympathy was with the students on this matter. As an alumna of the College and as the current Principal, I wanted our girls to go out in the world and win their rightful place in it. They were as smart as any other student in Kolkata and they deserved every opportunity to develop their personality and self-confidence. After all we were there always to protect and guide them as and when necessary. I felt as teachers, that is what we should do.

The informal discussions continued without any resolution. The girls were still very keen on the idea of "Fest". So a single agenda meeting of the "Teachers' Council" was convened to discuss the matter and take a decision. I am happy to be able to say that a large number of teachers attended the meeting and the doubts in their mind regarding desirability of allowing the students to organize a "Fest" could be cleared. A resolution was passed to the effect that the students will organize a two-day "Fest" on 28$^{th}$ and 29$^{th}$ November 2003. We agreed on the name "Aalap" and two senior teachers – Sm Uttara Chakraborty of History Department and Dr. Jayashri Mukherjee of Physics Department were to be the conveners of the Fest Committee. The students worked hard for nearly two months looking up sponsors for different items of the Fest, inviting students of other colleges and judges, choosing the two bands for the evening performance etc. A number of other teachers were assigned various duties related to the event. Then there were the student volunteers running around to complete the preparation and later to conduct the different events successfully.

A stage was constructed in the courtyard in front of the College Office and behind Vidyasagar Bhavan. The College area was securely enclosed with temporary wall leaving the road between Bethune College and Bethune School outside. This wall had only one entrance, where gate-pass was needed for entry of an outsider during the two days of Fest. Along with students of Bethune College, participants came from Loreto College, Calcutta Medical College, Presidency College, Lady Brabourne College, N.U.J.S., St. Xavier's College and N.R.S. Medical College. Our students won a number of prizes in the competitions. The Fest saw entry of high wattage Peavey speakers in Bethune College campus for the first time. "Dohar" and "Cactus", the two renowned Bangla bands of the day entertained the students on the first and the second days respectively. It is worth mentioning that along with the students of the College, the faculty and staff attended the programs from time to time much to their enjoyment. The students swayed to the songs of Dohar and Cactus behind the row of seated teachers including myself.

The students named the Fest "Aalap 2003 – Tides of Eternity". It was their dream come true. They also knew that whether "Aalap" would become an annual feature of the College will depend on how the event went this year. They had a responsibility towards all the students of the College and I am happy to say that they came through the test with flying colours. Shiropa Bhattacharyya of 2$^{nd}$ year English (Hons) was the General Secretary of Bethune College Students Union at the time and she led the students of the College with great aplomb. The students enjoyed being able to take their own decisions and gained a lot of confidence. I felt proud that our students were able to execute their dream project with competence.

After the resounding success of Aalap 2003, the Fest became an annual event of Bethune College.

# Fiesta

**ডঃ শ্যামলী সরকার**
প্রাক্তন অধ্যাপিকা ও বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, বেথুন কলেজ

১৯৯০ সালের মধ্যভাগ। বেথুন কলেজে বিদ্যাসাগর ভবনের দোতলায় অধ্যাপিকাদের জন্য নির্দিষ্ট ঘরের পর্দা সরিয়ে এক অধ্যাপিকার প্রবেশ ও উচ্চকণ্ঠে ঘোষণা ঃ 'শুনেছ? মেয়েরা নাকি Fest করবে? 'Fest' মানে festival আর 'মেয়েরা' অর্থাৎ ছাত্রীরা—কন্যাসমা ছাত্রীদের তখন 'মেয়েরাই' বলা হত। খাতা-দেখায় ব্যস্ত একজনের কথাটা কানে যেতেই বিস্ময়ে মুখ উত্তোলন করে বললেন—'বেথুনে? fest? Principal অনুমতি দিলেন? 'তাহলে আর বলছি কেন', এমনই এল প্রত্যুত্তর। জানলার পাশে বসে গভীর অধ্যয়নে মগ্ন একজনের মনোযোগ ক্ষুণ্ণ হল 'Fest' কথাটায়। উনি দু'হাত তুলে বললেন—'গেল, গেল, কলেজ রসাতলে গেল।' 'হেদুয়ার ওপার থেকে স্কটিশের হাওয়া তাহলে শেষপর্য্যন্ত পৌঁছেই গেল, আরেকজন মুচকি হেসে মন্তব্য করলেন।

সেদিন সবকটি মন্তব্যই কানে এসেছিল এবং অত্যন্ত বিরক্তির উদ্রেক করছিল। বয়সে কনিষ্ঠ হওয়ায় নির্বাকই রইলাম। জানতাম, আমার কথা ওঁরা কেউই মানবেন না। কিন্তু মনের মধ্যে একের পর এক প্রতিবাদ বুদবুদের মতো অবিরাম উঠে আসতে লাগল। আচ্ছা, 'Fest' করতে অপরাধ কোথায়? বহু কলেজেই তো ছাত্রছাত্রীরা 'Fest' করে। 'Fest' মানে কি শুধুই হৈ-চৈ, নাচগান, বেলেল্লাপনা, অসভ্যতা ছাত্রছাত্রীরা দু'একদিন নিজেদের পছন্দমতো সাংস্কৃতিক অনুষ্ঠান করবে, বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করবে। এগুলির সংগঠনে ও পরিচালনায় থাকবে একমাত্র তারাই। এতে কলেজ কর্তৃপক্ষের অভিভাবকত্ব থাকবে নামমাত্র, শুধু পরোক্ষ। আসলে, সারাবছর ক্লাশ করা, পরীক্ষার প্রস্তুতি, এসবে ওদের যে দম-চাপা অবস্থার সৃষ্টি হয়, এ হল তার থেকে সাময়িক মুক্তি। Fest করলেই ওরা খারাপ হয়ে যাবে, ওদের অধঃপতন ঘটবে?

Fest করার ফলে বরং ছাত্রছাত্রীরা একসঙ্গে অনুষ্ঠানের নানাধরণের কাজ করায় তাদের মধ্যে বন্ধুত্ব গাঢ় হবে। ওরা হবে আরও সংহত ও দৃঢ়ভাবে ঐক্যবদ্ধ। নিজেদের মধ্যে মত বিনিময়ের বিপুল সম্ভাবনায় ওদের সহমর্মিতা ও সহযোগিতার পরিসর বাড়বে। একই সঙ্গে তৈরী হবে ওদের সংগঠনিক ক্ষমতা। এগুলির সমন্বয়েই তো তৈরী হবে ওদের চরিত্রের ভিত। কলেজের চাপানো অনুশাসনে ওদের প্রতিভার সম্যক বিকাশ কি সম্ভব? বরং ওদের কিছু স্বাধীনতা দিয়ে দেখাই যেতে পারে, ওরা কেমন সুন্দর, ওদের 'মনের মাধুরী' দিয়ে Fest-এর অনুষ্ঠানগুলি উপস্থাপিত করে। হাজার প্রতিবাদে মুখর আমার মন সেদিন 'Fest'-এর সমর্থনে একশোভাগ এগিয়ে রইল।

অবশেষে, অধ্যক্ষা ডঃ নীলিমা মিশ্রের সহৃদয় অনুমতি লাভ করায় সেবছর-ই বেথুন কলেজে অনুষ্ঠিত হল প্রথম fest। ছাত্রীরা এর নাম দিয়েছিল 'Fiesta 1990'। যে অত্যুৎসাহী ছাত্রী উদ্যোগ ছাড়া হয়তো এটি সফল হতো না, তার নাম উল্লেখ না করাটা অন্যায় হবে। সে হল সেই সময়ের কলেজের ছাত্রী ইউনিয়নের সাধারণ সম্পাদক, Zoology বিভাগে পাঠরত—অত্যন্ত মেধাবী ছাত্রী, সুপর্ণা। ইউনিয়নের অন্যান্য কার্যকরী সদস্য মৌমিতা, অনিতা, মৌসুমী এবং অন্যান্যদের নিয়ে ওরা একযোগে নেমে পড়েছিল। Fest-কে সর্বাংশে সফল করাকে ওরা যেন চ্যালেঞ্জ হিসাবে গ্রহণ করেছিল।

বেথুন কলেজে প্রথম 'Fest', স্বভাবতই এটি কম উত্তেজক ছিল না ছাত্রীদের কাছে। ক্লাশের শেষে, দুই ক্লাশের ফাঁকে-ফোকরে, ছুটির ঘণ্টা বাজলেই ইউনিয়নের ছাত্রীদের মধ্যে শুরু হয়ে গেল দৌড়াদৌড়ি ও ব্যস্ততা। কলেজে কলেজে গিয়ে বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য চিঠিপত্র দেওয়া, বিচারক নির্বাচন করা ও তাঁদের নির্দিষ্ট দিনে কলেজে আসার আমন্ত্রণ জানানো—এসব তো ছিলই। ছাত্রীরা বেথুন কলেজেরও অনেক অধ্যাপিকাদের বিচারক হিসাবে আমন্ত্রণ জানিয়ে সম্মানিত করেছিল। এদিকে কলেজ কর্তৃপক্ষ সাধারণভাবে ঐ দিনগুলিতে শৃঙ্খলা বজায় রাখার দায়িত্ব দিয়েছিল কলেজের অধ্যাপিকাদের ওপর। কারণ, শুধুমাত্র কলেজের ছাত্রীরাই তো নয়, Fest-এ আমন্ত্রণ জানানো হয়েছিল অন্যান্য কলেজের বন্ধুবান্ধবদেরও। বহিরাগতরা কলেজে প্রবেশ করলে, শৃঙ্খলাভঙ্গ ও অশান্তির আবহ সৃষ্টি হয়ে বিপদ ঘটাটাও অসম্ভব নয়, এমন আশঙ্কা অনেকেরেই ছিল। শতাব্দীপ্রাচীন বেথুন কলেজের অটুট সম্মান যাতে কোনক্রমেই ক্ষুণ্ণ না হয়, এমনটা কাম্য ছিল সকলেরই।

অবশেষে সমস্ত ভীতি ও সন্দেহের অবসান ঘটিয়ে ছাত্রীরা অত্যন্ত সার্থক ও সুচারুভাবে 'Fest' সম্পন্ন করেছিল। বিভিন্ন অনুষ্ঠানের জন্য স্থান নির্বাচিত হয়েছিল মূলতঃ কাদম্বিনী ভবনের দোতলার সভাগৃহটি। সেটি মনোরম ভাবে ছাত্রীরা সাজিয়েছিল।

কিছু অনুষ্ঠান অবশ্য গ্যালারিযুক্ত ক্লাশঘরেও সংঘটিত হয়েছিল। সারাদিনে বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতা চলে, একের পর এক। গান, বিতর্ক, প্রবন্ধরচনা, পেন্থালন (একই প্রতিযোগিতায় পাঁচটি শিল্পকর্মের নিপুণতা একসঙ্গে প্রদর্শন) skit ইত্যাদি।

বিচারক হিসাবে যে বিশিষ্ট মানুষেরা এসেছিলেন তাঁদের মধ্যে ছিলেন লেখক, সাংবাদিক, নাট্যকার শ্রী শিবাসিস বন্দ্যোপাধ্যায়, আজকাল পত্রিকার সাংবাদিক ও সাহিত্যিক শ্রীশীর্ষ বন্দ্যোপাধ্যায়, বিশিষ্ট রবীন্দ্র সঙ্গীত শিল্পী বুদ্ধদেব রুদ্র, বিশিষ্ট নিউরোসাইক্রিয়াটিস্ট, কবি ও লেখক ডঃ অমৃতরঞ্জন বিশ্বাস। এঁদের সঙ্গে বিভিন্ন কলেজের এবং বেথুন কলেজের অধ্যাপক/অধ্যাপিকারা তো ছিলেনই।

এছাড়া, বিনোদনের জন্য ছিলেন গায়ক, লেখক, সাংবাদিক (প্রতিদিন/রবিবার), চিত্রপরিচালক ও অভিনেতা বিখ্যাত বাংলা গানের ব্যান্ড 'চন্দ্রবিন্দু'র শ্রী অনিন্দ্য চট্টোপাধ্যায়'। শুধু গান নয়, Panthalaner ইনি জয়ী হয়ে অভূতপূর্ব প্রশংসা পান। এছাড়া ছিলেন শ্রীচন্দ্রিল ভট্টাচার্য্য। এই সাংবাদিক ও লেখক তাঁর স্বাভাবিক কৌতুকমিশ্রিত কথনে বিতর্কে জিতে নেন পদক। Contemporary writing প্রতিযোগিতাতেও তিনি ছিলেন অপ্রতিদ্বন্দ্বী। তেমনি শ্রী অনিন্দ্য চট্টোপাধ্যায়-এর Skit-এ অংশ নিয়ে খুবই প্রশংশিত হয়েছিলেন শ্রীবিপ্লব সান্যাল, অনুব্রত চক্রবর্তীর মতন শিল্পীরা।

'Fest'-এ ছাত্র ইউনিয়নকে খরচবাবদ কলেজ তহবিল থেকে মাননীয়া অধ্যক্ষা কিছু অর্থসাহায্য করেছিলেন। কিন্তু 'Fest'-এর প্রয়োজনীয় অর্থের সিংহভাগই ছাত্রীরা সংগ্রহ করেছিল নিজেরাই। কলেজের সভাগৃহ ও মঞ্চসজ্জা, প্রতিযোগিতার জন্য ট্রফি, মেডেল ও অন্যান্য পুরস্কার ইত্যাদি ক্রয়, প্রতিযোগী ও বিচারকদের জন্য উপযুক্ত জলযোগের ব্যবস্থা করা—এগুলির জন্য প্রয়োজনে ছাত্রী ইউনিয়নের সদস্যরা নিজেরা ও কলেজের ছাত্রীরা স্বেচ্ছায় যথাসাধ্য চাঁদা সংগ্রহ করে অর্থের যোগান সম্ভব করেছিল। Fest-এর শেষ রাতে gala dinner বা মহাভোজের সমস্ত খরচ সানন্দে বহন করেছিলেন সুপর্ণার বাবা। ওঁদেরই বাড়ীতে রান্নার ব্যবস্থা করা হয়েছিল এবং খাবার কলেজে পৌঁছে দেওয়া ও পরিবেশনের দায়িত্ব গ্রহণ করেছিলেন অত্যন্ত সহানুভূতিশীল, সুপর্ণার পরিবারভূত মানুষজন। অর্থাৎ কলেজের Fest সফল করায় শুধু ছাত্রীরা নয়, তাদের অভিভাবকদেরও ছিল সর্বান্তকরণ অনুমোদন ও সহযোগিতা।

অবশেষে, সব চিন্তার হল অবসান। ছোটখাট নগণ্য কিছু ভুলত্রুটি ছাড়াই বেথুন কলেজের প্রথম Fest সসম্মানে উত্তীর্ণ হল। যে Fest নিয়ে ছিল এত ভীতি, যে Fest-এর কারণে ছাত্রীদের অধ্যয়নে ব্যাঘাত ঘটবে বলে ধারনা পোষণ করা হতো, তা সম্পূর্ণভাবে যে ভুল প্রমাণিত হয়েছিল, তার প্রমাণ ছাত্রী ইউনিয়নের সাধারণ সম্পাদিকা সুপর্ণা নিজেই। এই ছাত্রীর শিক্ষাজীবন যে কৃতিত্বের স্বাক্ষর বহন করে, তা সত্যিই প্রশংসনীয়। বেথুন কলেজ থেকে স্নাতক ও কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ও পি.এইচ্.ডি. ডিগ্রীপ্রাপ্তা সুপর্ণা সান্যাল আজ সুইডেনের বিশ্বখ্যাত Uppsala University-তে Molecular Biology Division-এর অধ্যাপিকা ও প্রধান Molecular Biology বিভাগেও সে Vice President। এছাড়া, সে Director, Master Programme in Applied Biotechnology। সুপর্ণার সহপাঠীরাও আজ অনেকেই স্বমহিমায় বিভিন্ন পদে সুপ্রতিষ্ঠিত। সুপর্ণা সম্পর্কে এই তথ্য পাওয়া গেল ২০২০ সালের ফেব্রুয়ারিতে কলেজ সম্মিলনীর বার্ষিক পুনর্মিলন উৎসবে তার উপস্থিতির কারণে। কলেজ ছাড়ার পরে, এতদিন বাদে কলেজে এসে সেদিন সে ছিল আপ্লুত।

ইতিমধ্যে বেশ কয়েকটি বছর কেটে গেছে। হেদুয়ার জলে সৃষ্টি হয়েছে শত শত আবর্ত। কিন্তু ১৯৯০ সালের পরে আশ্চর্যজনকভাবে Fest-এর পুনরাবৃত্তি হল না পরবর্তী বছরগুলিতে। অবশেষে ২০০৩ সালে বেথুন কলেজ আবার দেখল এক উৎসাহী ছাত্রসংসদকে। নীলাঞ্জনা, শিরোপা, ঈশা প্রভৃতি এক ঝাঁক ছাত্রীর নেতৃত্বে প্রবল দাবি উঠল আবার Fest শুরু করার। অধ্যক্ষ ডঃ মণিমালা দাস অধ্যাপিকাদের সভায় প্রসঙ্গটি তুললেন ওঁদের মতামত জানার জন্য। কলেজের শৃঙ্খলাভঙ্গের কারণ যদি হয়ে ওঠে Fest, তাহলে সে বিষয়ে অধ্যাপিকাদের মতামত জানাটা খুবই জরুরী। সভায় উঠল গুঞ্জন। কিন্তু আশ্চর্যজনকভাবে সে সভায় সবাই রইলেন নিরুত্তর। মনে আছে। সেদিন উঠে দাঁড়িয়ে বলেছিলাম যে ছাত্রীরা Fest করবে, এটা তো খুবই স্বাভাবিক ও ন্যায্য দাবি। এটা কি আমরা নস্যাৎ করতে পারি? যুগ অনেকটাই এগিয়েছে। অন্যান্য কলেজে Fest হলে আমরা বোধহয় ওদের দাবি ঠেকিয়ে রাখতে পারব না।

আমার স্পষ্ট মনে আছে আমাকে সেদিন সমর্থন জানিয়েছিলেন ইতিহাস বিভাগের সদ্য প্রয়াতা অধ্যাপিকা উত্তরা চক্রবর্ত্তী। অন্যান্য কলেজে কাজ করার সুবাদে তিনি বলেছিলেন যে এখানে অন্য কলেজের মতো Fest হওয়ায় বাধা কোথায়?

শেষ পর্যন্ত অবশ্য ছাত্রীদেরই জয় হলো। ২০০৩ সালে ফিরে এলো ছাত্রীদের Fest। ছাত্রীরা এর নাম দিয়েছিলো 'আলাপ'।

এই নামের তাৎপর্য জিজ্ঞাসা করাতে ওরা উত্তর দিয়েছিলো এই ভাবে— ‘‘আমরা সারা বছর ক্লাস করি, পড়া তৈরী করি, পরীক্ষার প্রস্তুতি নিয়ে। পাঠ্য জীবনের বাইরে এসে ছাত্রীরা নিজেদের মধ্যে অবাধ আলাপচারিতা বা আনন্দ অনুষ্ঠান করার ফুরসৎ পায় কোথায়? তাই আমরা চাই অন্তত দিন-দুয়েক কলেজের গতানুগতিক জীবন থেকে সরে এসে আমাদের মনের মতো নানান অনুষ্ঠানের অয়োজন করতে এবং এর মাধ্যমেই আমাদের নিজেদের মধ্যে আলাপ পরিচিতির পরিধি বাড়িয়ে তুলব। শুধু আমাদের কলেজে নয়, অন্যান্য কলেজের ছাত্র-ছাত্রীদেরও ডেকে নিয়ে এই আলাপচারিতায় সামিল হব আমরা।’’

প্রচুর উৎসাহ ও উদ্দীপনায় শুরু হয়ে গেল প্রস্তুতির। কলেজের উন্মুক্ত প্রাঙ্গনে তৈরী হলো মঞ্চ। সামনে রাখা হলো দর্শনার্থীদের জন্য চেয়ার। এর একপাশে টিনের ব্যারিকেড দিয়ে ঘিরে ফেলা হলো। উন্মুক্ত রইলো ছোট্ট কোলাপসিবেল গেট। কেবলমাত্র আমন্ত্রণ পত্র দেখিয়েই এতে প্রবেশের অনুমতি মিলবে। এই ঘেরাটোপ মোটেও দৃষ্টি সুখকর ছিলনা। কিন্তু বহিরাগতদের আগমন বন্ধ করতেই করা হয়েছিল এই ব্যবস্থা। অর্থাৎ কর্তৃপক্ষের চিন্তার কারণ ছিল সেই একটাই— বেথুন কলেজের কোন অর্থেই যেন সম্মানহানি না ঘটে।

এই Fest এর জন্য ছাত্রীরা বাইরের বেশ কয়েকদিন বাণিজ্যিক সংস্থার থেকে আর্থিক অনুদানের ব্যবস্থা করেছিলো, যেটি আগের Fest হয়নি। এছাড়া, কলেজ প্রদত্ত আর্থিক সাহায্য ও ছাত্রীদের চাঁদা ছিলই। সমস্ত দুপুর ও বিকেল পর্যন্ত একের পর এক প্রতিযোগিতার আয়োজন করেছিল ছাত্রীরা। বেথুন কলেজ ছাড়াও বহু কলেজ থেকে প্রতিযোগীরা যোগদান করেছিল। প্রতিযোগিতার বিষয় ছিল ভারতীয় ও পাশ্চাত্য সঙ্গীত, নৃত্য Skit Medlay, বিতর্ক, প্রবন্ধ লেখা ইত্যাদি। কলেজের বাইরে থেকে বিচারক হিসাবে এসেছিলেন বিশিষ্টজনেরা। কলেজের অধ্যাপিকাদেরও কয়েকটি বিষয়ে বিচারক হিসাবে ছাত্রীরা আমন্ত্রণ জানিয়েছিল। একটি প্রতিযোগিতার কথা বিশেষভাবে মনে পড়ছে। সেটি হল পোস্টার ও অঙ্কন প্রতিযোগিতা। মাঠের এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত ছড়িয়ে ছিটিয়ে মেলে-ধরা অসংখ্য রঙীন ছাতার নীচে বসে প্রতিযোগীরা মনের আনন্দে এঁকে চলেছিল এবং ক্যাপশন লিখছিল। ঝলমলে রোদে ঘুরে ঘুরে ওদের ঐ আঁকা দেখার আনন্দ ছিল সত্যিই এক অনবদ্য অনুভূতি।

প্রতিযোগী ছাত্রীরা ক্রমাগত করতালি দিয়ে উৎসাহিত করেছে, জয়ী প্রতিযোগীদের সম্মানিত করেছে উপযুক্ত পদক, পুরস্কার ও সম্মানপত্র দিয়ে। ওদের এই কাজে সমানভাবে সাহায্য করে গেছেন কলেজের কয়েকজন অধ্যাপিকা। ওঁদের উৎসাহ ছাত্রীদের চেয়ে কম ছিল না। ওঁদের কর্তব্যপরায়ণতা ছাত্রীদের কাছেও ছিল শিক্ষণীয়। নানান রঙের পোস্টারে কলেজ ও মঞ্চ সুন্দরভাবে সাজিয়েছিল ছাত্রীরা। আমাদের পরিচিত কলেজকে চেনা যাচ্ছিল না।

Fest-এর সন্ধেবেলায় ছিল অন্যরূপ। রাত অব্দি চলেছিল মিউজিক ব্যান্ডের গান। অল্পবয়সীদের মধ্যে এগুলি খুবই জনপ্রিয় দ্বিতীয় দিনের রাতে এইরকমই একটি মিউজিক ব্যান্ড। চন্দ্রবিন্দু’র গান শোনার অভিজ্ঞতা হয়েছিল। সেই রাতের অধ্যক্ষার বিশেষ নির্দেশ ছিল আমাদের কয়েকজন অধ্যাপিকার জন্য। আমরা যেন লক্ষ রাখি কোনওভাবেই ছাত্রীরা শৃঙ্খলাভঙ্গ না করে, শালীনতার সীমা না ছাড়ায় ইত্যাদি ইত্যাদি। ব্যান্ডর গানের সঙ্গে সাউন্ড বক্স থেকে নির্গত বিকট শব্দে আমাদের কানে তো প্রায় তালা-লাগার অবস্থা। কিন্তু ওসব উপেক্ষা করেই ছাত্রীরা ঐ গান গলা মিলিয়ে গান শুরু করল। পিছন ফিরে তাকাতেই দেখি এক অদ্ভূত দৃশ্য। ব্যান্ডের গান শুনে ছাত্রীরা ও ওদের আমন্ত্রিত বন্ধুরা একযোগে শুধু গান নয়, বাঁধনহারা আবেগ ও উল্লাসে উদ্দাম নৃত্যে মেতে উঠেছে। আমাদের সেদিন মনে হয়েছিল, ‘এই যৌবনতরঙ্গ রুধিবে কে’? এই উত্তাল যুবশক্তি প্রতিহত করতে পারি, এমন সাধ্য কই? সেদিন মাননীয় অধ্যক্ষার নির্দেশ কোথায় যে অন্তর্হিত হয়ে গিয়েছিল, তা আজও মনে করতে পারি না। ওদের এই আত্মহারা আনন্দ সেদিনে বন্ধ করার কোন যুক্তিই খুঁজে পাইনি। বরং মনে হয়েছিল, এই গতিবেগ রুদ্ধ করলে তার প্রভাব হতে পারে আত্মঘাতী ও ভয়াবহ।

এই Fest ছাত্রীদের সত্যিই করে তুলতে পারে সৃষ্টিশীল, উদ্যোগী, সহমর্মী ও সহনশীল—ওদের কর্তব্যপরায়ণতা, সময়জ্ঞান ও দায়িত্বশীলতা বেড়ে ওঠে বহুগুণ। ওদের শোভন ও বিনয়ী আচরণ গুণীজনকে মান্যতা দিতে শেখায়। এভাবে, পাঠগ্রহণের কার্যক্রম ব্যাহত না করেই ওরা গড়ে উঠতে পারে ভবিষ্যতের সুন্দর নাগরিক হিসাবে। অতএব, আজ কলেজে ‘Fest হবে’ কি ‘হবে না’—এ প্রশ্ন তোলা অবান্তর। বেথুনের অন্য বহুবিধ পরম্পরার সঙ্গে যুক্ত হয়ে বোধকরি কলেজে এটিও চলবে এবং চলতে থাকবে, যুগ যুগ ধরে।

* এই দুই Fest-এর কথা সম্পূর্ণভাবে আমার স্মৃতিনির্ভর।

# রক্ষণশীলতার লক্ষণরেখা পেরিয়ে বেথুনের প্রথম ফেস্ট—'ফিয়েস্তা ১৯৯১'

**সুপর্ণা চন্দ্র সান্যাল**

অধ্যাপিকা এবং গবেষক, উপসালা বিশ্ববিদ্যালয়, সুইডেন, বেথুন প্রাক্তনী (১৯৮৮ - ১৯৯১)

সাল ১৯৯০। পুজোর ছুটির হিড়িক কাটিয়ে সবে কলেজ খুলেছে। হাওয়ায় একটু একটু শীতের আমেজ। ঝিমোনো বিকেলের নরম রোদ বড় বড় গাছগুলো পেরিয়ে তির্যকভঙ্গিমাতে কলেজের লনে ছড়িয়ে রয়েছে। চারপাশে একটা গা ছাড়া ভাব। কিন্তু তার মধ্যে আমি আর মৌসুমি, আমার অ্যাসিস্ট্যান্ট জি. সেক., প্রিন্সিপ্যালের বিল্ডিং-এর সামনে অস্থিরভাবে পায়চারি করে যাচ্ছি। ওপরে টিচার্স কমিটির মিটিং হচ্ছে। ওখানেই হবে আমাদের ভাগ্যনির্ধারণ।

ব্যাপারটা তাহলে খুলেই বলি। আমি তখন বেথুনের জুওলজি অনার্সের থার্ড ইয়ারের ছাত্রী, কলেজের অরাজনৈতিক ছাত্র ইউনিয়নের জেনারেল সেক্রেটারি। 'মোরা দিনে করি বাবুগিরি আর রাতে আয়েসে ঘুমাই'-এর বদলে রাত জেগে করি পড়াশোনা আর দিনে লক্ষী মেয়ের মতো ক্লাস করা ছাড়াও করি লক্ষীছাড়াদের মতো টোটো কোম্পানি! সেই টোটো কোম্পানির মধ্যে প্রধান হল বিভিন্ন কলেজ আর ইউনিভার্সিটিতে গিয়ে কলেজ ফেস্ট করা একটা জবরদস্ত দল হয়েছিল—আমি, সোহিনী, নন্দিনী, শতরূপা, ঋতু, মনিদীপা, আমাদের পরের ব্যাচের সুপর্ণা, অদিতি আর আরও কয়েকজনকে নিয়ে। আমরা বিভিন্ন কলেজ ফেস্টে বর্তমানে চন্দ্রবিন্দু খ্যাত উপলদের টিমকে 'মাস সং' ইভেন্টে রীতিমতো ফাইট দিই। কখনো ওরা ফার্স্ট তো কখনো আমরা। সেবারে স্কটিশের ক্যালিডোনিয়াতে আমরা ফার্স্ট হবার পর আমাদের বলল—'আরে যা যা! তোরা তো খালি অন্যের জমিতে ছড়ি ঘোরাস, নিজেদের কলেজে তো কখনো ডাকিস না'। এই প্রথম না। এই কথা আমাদের প্রায়ই শুনতে হত। সেবারে কথাটা একেবারে মনে লেগে গেল। পরের দিন কলেজে ফিরেই ডাকলাম ইউনিয়নের জেনারাল বডির মিটিং। বললাম যে এবারে আমরা আমাদের কলেজে ফেস্ট করব। হই হই করে সবাই রাজি হয়ে গেল। কিন্তু প্রিন্সিপ্যালের পারমিসান? দিদিদের রাজি করানো? শেষ অবধি বেড়ালের গলায় ঘন্টা বাঁধবার কাজটা আমাকেই করতে হল। তার পরের দিন ক্লাস ব্রেকে গুটি গুটি পায়ে প্রিন্সিপ্যাল নীলিমা মিশ্রর অফিসের সামনে ধর্ণা দিলাম।

পরিপাটি সাদা তাঁতের শাড়ী, পায়ে কালো পাম্পশ্যু আর চৌকো ফ্রেমের চশমার আড়ালে তীক্ষ্ণ দুটো চোখ—এ হেন নীলিমাদির ব্যাক্তিত্বের সামনে চোখ উঁচু করে কথা বলার স্পর্ধা আমাদের ছিল না। তবু সব সাহস সঞ্চয় করে কলেজে ফেস্ট করার দরখাস্ত পেশ করে ফেললাম। কয়েক মুহূর্ত চুপ করে থেকে উনি বললেন—'তার কী দরকার? আমাদের তো প্রতি বছরই ইন্টার ক্লাস কালচারাল কমপিটিসান হয়'। আমি বললাম যে 'আমরা তো প্রায়ই অন্য কলেজের ফেস্টে পার্টিসিপেট করতে যাই, তাহলে আমরা একটা ফেস্ট অরগানাইজ করতে পারব না কেন'? উনি তখন সবচেয়ে মোক্ষম প্রশ্নটা করলেন—'তাহলে কি বাইরের ছেলেরা কলেজে ঢুকবে'? এর উত্তরে কি বলেছিলাম আজ আর সঠিক মনে নেই, কিন্তু এটা মনে আছে যে আরও কিছু কথা চালাচালির পর নাছোড়বান্দা আমাকে থামিয়ে দিয়ে বললেন যে এই সিদ্ধান্ত উনি একা নেবেন না, কলেজ টিচার কমিটির সঙ্গে কথা বলেই নাকি 'হ্যাঁ কি 'না' জানাবেন। প্রথমে যা বলছিলাম না—সেদিন ছিল তারই ভাগ্যনির্ধারণকারী মিটিং।

পরের দিন প্রিন্সিপ্যালের অফিসে আমাকে ডেকে পাঠানো হল। নীলিমাদি ছাড়াও আরও বেশ কয়েকজন টিচার গম্ভীর মুখে বসে। তাঁরা কে কে ছিলেন মনে নেই, কিন্তু জুওলজির ধীরাদি আর রুনুদি ছিলেন এটা মনে পড়ে। নীলিমাদি বললেন যে 'তোমার ফেস্টের প্রস্তাব আমরা আলোচনা করেছি। কিন্তু সম্পূর্ণ অনুমতি দেওয়ার আগে জানাই যে আমাদের কিছু শর্ত আছে। এই কলেজ ফেস্ট অ্যারেঞ্জ করার জন্য যদি কিছু শৃঙ্খলাভঙ্গ হয় বা কিছু কুরুচিকর ঘটনা ঘটে তাহলে তৎক্ষণাৎ ফেস্ট বন্ধ করে দেওয়া হবে। যারা ফেস্টে আসবে, কলেজের ভেতর বা বাইরে থেকে সবাইকে আমাদের দেওয়া নিয়ম মানতে হবে। যেমন কলেজের ভেতর কোনও ভাবেই সিগারেট খাওয়া চলবে না'।

আমি তখনও বুঝিনি যে আমার আর্জি মঞ্জুর হয়ে গেছে। আমার ভ্যাবাচাকা খাওয়া মুখটার দিকে সোজা তাকিয়ে নীলিমাদি ব্রহ্মাস্ত্র ছুঁড়লেন। বললেন—'এই ফেস্ট করতে গিয়ে সকলের পড়াশোনার যে বিরাট ক্ষতি হবে, তার কি হবে'? এর একটা জবাব আমার তৈরি ছিল। বিগত দু'বছরে ইন্টারকলেজ ফেস্টে জিতে আনা অজস্র সার্টিফিকেট আর সেই বছরে পার্ট ওয়ান পরীক্ষায় ভালো রেজাল্ট করার জন্যে ওনারই দেওয়া 'বেস্ট স্টুডেন্ট'-এর পুরস্কার ওনার টেবিলে রেখে বললাম যে, 'ম্যাডাম, ফেস্টের জন্যে পড়াশোনার ক্ষতি হবে না। আমরা চাইলে দুটোই সমান ভালো করতে পারি'। সামনে বসা ধীরাদির চোখে দেখি ভরসার মৃদুহাসি। পরে শুনেছি যে উনি এবং আরও কিছু অন্য টিচাররা, যাঁরা হয়ত কোনও দিন আমাকে ক্লাসে পড়ান নি, যেমন পল-সায়েন্সের শ্যামলী দি, তাঁরা ঐ টিচারকমিটির মিটিং-এ আমার পক্ষ নিয়েছিলেন। সেদিনটা যেন আমি একটা বিরাট লটারি

জিতে নিলাম। হাল্কা পায়ে নীলিমাদির অফিস থেকে বেরিয়েই ইউনিয়ানের ঘরের দিকে ছুট দিলাম। মনে হল হাঁটছি না, যেন হাওয়াতে উড়ছি। সবাইকে বলতে হবে যে—'পেয়ে গেছি, পারমিশান পেয়ে গেছি'। এবার বেথুনে সত্যিই ফেস্ট হবে।

প্রাথমিক উত্তেজনা থিতিয়ে গেলে শুরু হল আসল কর্মকাণ্ড। একটা জুতসই নাম ঠিক করতে হবে। অনেক প্রস্তাব আর পরামর্শর পর ঠিক হল যে আমাদের ফেস্টের নাম হবে 'ফিয়েস্তা ১৯৯১'। হই হই করে এক দল লেগে গেল পোস্টার বানাতে। ছাপানোর টাকা ছিল না, ফলে বড় বড় আর্ট পেপার কিনে রং তুলি দিয়ে লেখাই সাব্যস্ত হল।

সারা কলেজ থেকে ভলান্টিয়ার জড়ো করা হল। সেই প্রথম সায়েন্স আর আর্টসের মেয়েরা একজোট হয়ে কিছু করতে শুরু করল। কত মুখচেনা মেয়েরা বন্ধু হয়ে গেল। সারা কলেজে একটা চাপা উত্তেজনা, যেন আমরা বিরাট একটা কিছু করতে চলেছি। অতি উৎসাহীদের নিয়ে একটা অরগানাইজিং কমিটি তৈরি হল। তাতে কলেজের টিচারদেরও সামিল করা হল। ফিজিক্সের নন্দিনীদি আর বাংলার শান্তাদি সানন্দে রাজি হলেন। আমরা একে একে কী কী ইভেন্ট, কখন হবে, কারা জাজ্ করবেন সেসব লিস্ট বানাতে শুরু করলাম।

প্রথম সমস্যা দেখা দিল টাকা পয়সা নিয়ে। খরচা কত কি হতে পারে এ নিয়ে আমাদের কোনও ধারণা ছিল না। দেখা গেল মেডেল, ট্রফি, সার্টিফিকেট এতেই অনেক খরচ। তারপর কলেজ সাজানো, টিফিন, এসবের জন্যেও টাকা লাগবে। আমরা তখন অলরেডি চাঁদা তোলা শুরু করে দিয়েছি। তার জন্যে আমার অ্যাসিস্ট্যান্ট জি. সেক. মৌসুমি হল ক্যাশিয়ার। কিন্তু বোঝা গেল যে ফেস্ট অ্যারেঞ্জ করার জন্য সেসব চাঁদা যথেস্ট নয়। আমাদের স্পন্সর জোগাড় করতে হবে। আমরা কত কোম্পানি, পাবলিশার্সদের দ্বারস্থ হলাম। কিন্তু কেউ আমাদের কথা বিশ্বাস করতই চায়। বেথুনে নাকি ফেস্ট হবে! শেষে তুখোড় ইংরাজি বলে অধুনা আমেরিকা প্রবাসী কোয়েল আর কানাডা প্রবাসী মনিদীপা, স্টেটসম্যান থেকে একটা বিজ্ঞাপন জোগাড় করল। তাতে কিছুটা স্বস্তি। কিন্তু ফেস্টের শেষ দিনে ফিস্ট মাস্ট। সাধারণত সব ফেস্টেই শেষ দিনে তখন বিরিয়ানি খাওয়াত। কিন্তু আমাদের তখন একেবারে হাত খালি। সবাই কিছুটা মনমরা। তাহলে কি শেষে মুখনষ্ট হয়? আমাদের হাল দেখে সহায় হলেন আমার বাবা। বললেন, বিরিয়ানী হয়ত হবে না তবে পোলাও আর চিকেন কষা হলে বাবা করিয়ে দেবেন। আমাদের আর কোন উপায়ও ছিল না। ঘাড় নেড়ে রাজি হয়ে গেলাম। আমাদের পরিবারের অনেক দিনের পুরোনো সনাতন ঠাকুরকে ডাকা হল। সে আমাদের বাড়ীর ভেতরের দালানে বাসন্তী পোলাও আর মুরগীর কষা রান্না করে দিল। তখন তো ফেসবুক ছিল না, তাই নিজেদের বাড়ির লোককে, এমনকী বাবা মাকেও যে থ্যাঙ্ক ইউ বলা যায় সেটা আমরা জানতামই না। তাই বাবাকে কিছুমাত্র ধন্যবাদ না দিয়েই আমি আর শতরূপা রিক্সো করে একশো প্যাকেট পোলাও—মাংস আমাদের বাড়ী থেকে কলেজে নিয়ে এলাম। তাই দিয়েই সে যাত্রা আমাদের মুখরক্ষা হয়েছিল।

সেই সময় তো ইন্টারনেট, ইমেল কিছু ছিল না। ইউনিয়ানের পক্ষ থেকে কলেজে কলেজে গিয়ে ইনভিটেশান দিয়ে আসাই ঠিক হল। কোন কলেজে কে যাবে সে নিয়ে কত যে মজার ঘটনা ঘটেছিল সে লিখতে গেলে আর শেষ হবে না। কিন্তু বেথুনে ফেস্ট হবে এই খবরটা ফেস্ট মহলে দাবানলের মত ছড়িয়ে গেল। তখন সরস্বতী পুজো ছাড়া বেথুনে ছেলেরা ঢুকতে পারত না। ফেস্টের অজুহাতে তারা বেথুনে ঢুকতে পারবে এটাই সবচেয়ে বড় ব্যাপার হয়ে দাঁড়াল। পরে বর্তমানের বিশিষ্ট খাদ্য বিশেষজ্ঞ ও লেখক পিনাকী ভট্টাচার্যের কাছে শুনেছি যে বাড়ি ফিরে বেথুনের যথাযথ বর্ণনা দিয়ে তবে সে তার বেথুন-প্রাক্তনী মাকে বিশ্বাস করাতে পেরেছিল যে সে সত্যি বেথুনে ঢুকতে পেরেছিল। এ দিকে আমরা প্রমাদ গুনছি। কতজন যে আসবে তার কোন ধারণা নেই।

দেখতে দেখতে ফেস্টের দিন এগিয়ে এল। আমাদেরও উত্তেজনা তুঙ্গে। রেজিস্ট্রেশান ডেস্কে কে বসবে, কে কোন ইভেন্ট অ্যাঙ্কর করবে, শাড়ি না সালোয়ার—এসব আলোচনা কলেজের কোণায় কোণায় চলতে লাগল। এইভাবেই শেষে ১৯৯১ জানুয়ারিতে দিনটা এসেই গেল। দোতলার বড় হল সাজানো হয়েছে মডার্ন ডেকোরেটারকে দিয়ে। নীচে একতলায় সুন্দর রেজিস্ট্রেশান ডেস্ক। দুপাশে ফিয়েস্তা ১৯৯১ এর পোস্টার। তখন আবার উল্টো টেনশান! কেউ আসবে তো? আস্তে আস্তে ভিড় বাড়াতে লাগল। কলেজের মেয়েরা ছাড়াও ফেস্ট মহলে পরিচিত মুখের বন্ধুরা, বিভিন্ন ইভেন্টের জাজ্ সবাই আসতে শুরু করল। একে একে সুষ্ঠুভাবে নানান ইভেন্ট, ডিবেট, এক্সটেম্পোর, কোলাজ, ক্রিয়েটিভ রাইটিং, বাংলা ও হিন্দি সোলো, রিসাইটেশান এসব চলতে লাগল। নানান কাজ সত্ত্বেও আমি আমাদের দলের সঙ্গে গ্রুপ সঙ-এ অংশ নিলাম। এবারে কিন্তু উপল-রাই ফার্স্ট আর আমরা সেকেন্ড হলাম। নন্দিনীর কাছে এখনও সেই সার্টিফিকেট আছে।

সব ভালোই চলছিল। গোল বাঁধল স্কটিশের দুটি মেয়েকে নিয়ে। তারা নিষেধ করা সত্ত্বেও বেথনের ম্যানিকিওর করা লনে বসে চা খাচ্ছিল। সে নিয়ে বেথুন ভার্সেস স্পটিশের ছেলে মেয়েদের কি ঝগড়া! বেথুন আর স্পটিশের সম্পর্ক চিরকালই মোহনবাগান—ইস্টবেঙ্গলের মতো। একটা ছুতো পেলেই হল। এখানেও তার ব্যতিক্রম হল না। সেই প্যান্ডেমোনিয়ামের মধ্যে নিলীমাদির অফিসে আমার ডাক পড়ল। দুটি ছেলে নাকি কলেজের গেটের ভেতরে দাঁড়িয়ে সিগারেট খেয়েছে। কোনমতে ওনাকে বুঝিয়ে শান্ত করে আমার অন্যতম ডানহাত অদিতিকে ডাকলাম। বললাম যে তোর দায়িত্ব—কেউ যেন আর সিগারেট না খায়। ও

সেটা জনে জনে বলতে লাগল। শুনে ওকে দুটি ছেলে উলটে বলল যে 'এটা কি কলেজ ফেস্ট না বুদ্ধ পূর্ণিমার উদ্‌যাপন যে খালি এই করতে পারবে না সেই করতে পারবে না'। আমরা তখন ভাবছি যে শেষ অবধি উৎরোতে পারলে হয়।

ফেস্টের শেষ দিনে সবচেয়ে আকর্ষণীয় ইভেন্টস। কুইজ, স্কিটস আর পেন্টাথেলন। কোয়েল আর সৌমিতা দুর্দান্ত ভাবে সঞ্চালনা করছে। খুব হাড্ডাহাড্ডি প্রতিযোগিতা। পেন্টাথেলনে ফার্স্ট হয়েছিল আজকের বিখ্যাত গায়ক, লেখক, সঙ্গীতকার ও চিত্র পরিচালক অনিন্দ্য চট্টোপাধ্যায়। দ্বিতীয় হয়েছিল কিন্তু আমাদের অদিতি—অধুনা আমেরিকা প্রবাসী। স্কিটস জিতেছিল কারা ঠিক মনে নেই। তবে বর্তমানের অন্যতম বুদ্ধিজীবী ও বলিষ্ঠ লেখক চন্দ্রিল ভট্টাচার্যও উপস্থিত ছিল। কিন্তু তার দলের একজন না আসাতে তার স্কিটসে অংশগ্রহণ করা হয়ে ওঠে নি। সব শেষে সর্বসেরা প্রতিযোগীর পুরস্কার ছিল একটা বড় শিল্ড। সবচেয়ে বেশী ব্যক্তিগত এবং দলগত ইভেন্ট জিতবার জন্যে সেটাও অনিন্দ্যর কাছেই গেল। তবে সম্মিলিতভাবে সবচেয়ে বেশী পয়েন্ট পেয়ে বেথুনই সেরা কলেজের শিল্ডটা রাখতে পেরেছিল। পুরস্কার বিতরণী অনুষ্ঠান শেষে প্রিন্সিপ্যাল নীলিমা মিশ্র যখন ফিয়েস্তার আয়োজন এবং বাস্তবায়নের জন্যে কলেজের ছাত্রী সংগঠনকে বাহবা দিলেন, আমার মনে হল যে সব সেরার পুরস্কারটা আমরাই পেয়েছি। একদিকে দুরন্ত আবেগ আর অন্যদিকে ফুরিয়ে যাওয়ার দুঃখ—এই নিয়ে ফিয়েস্তা শেষ হল।

আসলে 'ফিয়েস্তা ১৯৯১' নিছক কোন ফেস্ট ছিল না, ছিল রক্ষণশীলতার লক্ষণরেখা অতিক্রম করে আমাদের কলেজের প্রথম পদক্ষেপ। প্রথম এক মুক্ত ভবিষ্যতের আভাস, যেন বদ্ধ ঘরে তির্যকভাবে ঢোকা নব সূর্যের কিরণ, দারুণ গ্রীষ্মের দিনের সন্ধ্যেয় কালবৈশাখীর এক ঝলক টাটকা হাওয়া।

অনেক বছর কেটে গেছে তার পর। অনেক জল বয়ে গেছে গঙ্গা দিয়ে। তিরিশ বছর আগের সেই 'ফিয়েস্তা ১৯৯১' কে স্মৃতির সহায়তা ছাড়া এই লেখা সম্ভব হত না তারা হল অদিতি, সুপর্ণা, কোয়েল, শতরূপা, সৌমিতা, নন্দিনী, অনিন্দ্য, চন্দ্রিল, পিনাকী ও উপল। চরৈবেতি।

# LOOKING BACK

**Jayashri Mukherjee**
Department of Physics, Former Prof.

The first Annual Festival or 'Fest' of Bethune College was held in the winter of the year 2003. A year-long schedule of academic and cultural activities was organised by the college during 2003-2004 to commemorate the completion of 125 years of glorious history. After due consideration, the Principal Prof Manimala Das and the Teacher's Council decided to permit the students to hold a College Fest as part of the on-going celebrations. Fests had become a common socio-cultural activity in most colleges and hosting one at Bethune College had been a long-cherished dream of the students. The Principal deemed it proper to allow the college to move with the times and felt that organising the Fest would help build initiative, leadership qualities and confidence in the students and teach them self-reliance.

A new committee named "Bethune College Annual Festival Committee" came into being, comprising of both teachers and students. I was one of the Convenors , a post I continued to hold for many more years. The planning began amid much excitement. The first task in front of us was to finalise suitable dates for the two day Fest , decide on the events to be held , the schedule and the time frame and most importantly choose an appropriate name. This last probably took the most time but finally the young and creative teachers of the committee and the students decided on "**Aalap** -The Tides of Eternity" and I am happy to say the name has withstood the test of time till today. Slowly things started taking shape. Colleges to be invited were shortlisted and the judges were chosen for the various events. The students then swung into action organising different groups to go looking for advertisements for the Souvenir, select designs for invitation cards and get them printed and contact the judges to obtain their consent. Supremely capable, they tackled their responsibilities smartly and the teachers were always there to provide help and guidance. Happily most of the judges of their choice, well-known personages in their respective fields, graciously acceded to their requests. We were also impressed by the perseverance and enterprise shown by the groups who were assigned the task of collecting advertisements. Armed with a list of offices and establishments which they thought approachable, they set out every day in the afternoon to visit these places in order. So convincing were they in their arguments and entreaties that in a few days they had managed to gather quite a few banners, posters and advertisements. It was obvious that the large number of healthy young people who would throng our premises for the two days of the Fest would need adequate sustenance and our canteen would not be able to fulfil all their needs. So a few food stalls selling light snacks, tea, coffee and cold drinks had to be permitted inside the premises and the students arranged that with alacrity. The authorities, in the meanwhile, were worried about the security of the college on the days of the festival since two very popular bands of the time - 'Dohar' and 'Cactus' were scheduled to perform as the last events of each day. We were concerned about undisciplined outsiders gaining entry into the premises to listen to the live bands. Therefore the whole area had to be enclosed by fences and there was to be strict checking of passes at the gates. A large stage was built by modern Decorators according to the students' specifications , final decorations were put up and all was in readiness for the great day.

The first day of the Fest dawned bright and clear. It was a perfect winter morning, crisp, cold and sparkling in sunshine. Teachers and students on duty at the entrance gates took their places, long queues of eager youngsters formed in front, identity cards and passes were checked, seats started to fill up, Judges arrived and were greeted with flowers and escorted to their seats, our Principal Prof Manimala Das was on stage to welcome everyone, the announcer called out the names of the contestants for the first event and the Fest had begun !

Participants had come from many prestigious colleges of Calcutta - Presidency College , Lady Brabourne College, St Xavier's College , NUJS to name a few. Some representatives of the medical colleges were also present. The events had been chosen with care to test the intellectual, creative and musical skills of the participants - Debate and Quiz, Skit and Creative Writing, Indian and Western music, Choreography and Antakshari. All had a full contingent of eager participants , each team brighter than the next while the spectators watched engrossed. The extent of knowledge and talent displayed by the students amazed us. No effort had been spared to ensure the smooth running of each day's activities. With the meticulous efficiency and attention to detail that characterized Bethune College, individual groups of teachers and students had been assigned to oversee each event. As each one finished, the Judges declared the winners and their prizes were given out amid loud rejoicing by their supporters.

At the end of the day when the contests were done, it was time for the evening's entertainment. The members of the band walked onto the stage to the accompaniment of rapturous cheering from the spectators. Instruments were tuned , microphones tested and multi-coloured beams lit up the stage. Accompanied by strumming guitars and throbbing drums, the band launched into its presentation . The singers captivated the audience with their electric performance. Rhythm of the new songs and haunting melodies of the old reverberated in the air. The Principal and other professors sat in two rows in front of the stage. Wave after wave of mesmerizing music rolled over us invading our senses. The students , too excited to sit still , were on their feet , eyes shining and bodies swaying to the music. A large crowd collected outside the college to listen to the bands. Students kept requesting for their favourite songs as the evening wore on and sometimes joined in at the urging of the musicians, the young voices reflecting their joy.

Then the last song was sung, the last strains of music died down and Aalap 2003 was finally over. People started leaving and the college emptied. Final checks were done to ensure no stragglers remained behind and at last only the members of the organising committee were left. As we went out through the gates I looked at the students crowding around us. Their feet were tired but faces glowed with happiness and the satisfaction of knowing that their first Fest was indeed a success. Watching them I knew that the last month's hard work organising their Fest was an experience which brought them one step forward in their path of self-discovery and provided invaluable training for their quest of fulfilment of their dreams.



# ‘আলাপ’ নিয়ে আলাপচারিতা

**ড. কুমকুম চট্টোপাধ্যায়**, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, অধ্যাপিকা, অবসরপ্রাপ্ত

সালটা ২০০৩। তারিখ ২৭ ও ২৮ নভেম্বর। স্থান বেথুন কলেজের প্রাঙ্গন। হাল্কা শীতের ওড়না সরিয়ে আস্তে আস্তে বেজে উঠছে নতুন রাগিণীর নতুন আলাপ। সেজে উঠছে Aalap 2003-এর মঞ্চ। প্রথমবার। ঐতিহ্য-বাহিত বেথুন কলেজের ছাত্রীরা Annual Festival Committee-এর উদ্যোগে Fest এর উদ্বোধন করতে চলেছে। নাম দিয়েছে Aalap - the tides of eternity .....

যেকোনো কাজই সূচনা মুহূর্তে যেমন উদ্দীপনা সঞ্চার করে তেমনই অচেনা অজানা আশঙ্কারও জন্ম হয়। প্রথমবার যে ছাত্রীরা ঝাঁপিয়ে পড়েছিল Aalap কে বাস্তবায়িত করতে তাদের মনের কোণেও অনিশ্চয়তার সম্ভাবনা যথেষ্ট প্রভাব ফেলেছিল সে বিষয়ে কোনো সন্দেহ নেই। সেই উদ্যোগে যারা সামিল হয়েছিল তাদের অনেকের নামই আজ আর মনে পড়ে না। তবে যারা দুজন প্রধান দায়িত্ব নিয়েছিল তারা আজও আমার স্মৃতিতে উজ্জ্বল—শিরোপা ভট্টাচার্য আর ঈশা সেন। দূরভাষে শিরোপার সঙ্গে কথা বলতে গিয়ে দেখলাম সেই পুরনো স্মৃতি আজও ওর মনকে আচ্ছন্ন করে। সেই প্রথম বছর সবটাই ওদের শুরু করতে হয়েছিল। বিভিন্ন কলেজ-বিশ্ববিদ্যালয়কে আমন্ত্রণ জানানো থেকে শুরু করে স্পনসর জোগাড় করা, বিচারকদের প্যানেল তৈরি করে আমন্ত্রণ করা, প্রাইজ কেনা, স্টেজ সাজানো—আরও কত কি! স্পন্সরশিপ এসেছিল Temptations, R.R. Agarwal, IFB এইরকম সব সংস্থা থেকে। বিতর্ক, ক্যুইজ, রবীন্দ্রসঙ্গীত, নৃত্য, সৃজনশীল লেখা (ইংরেজি ও বাংলা)—এইরকম সব বিষয় প্রতিযোগিতার ক্ষেত্র হিসেবে নির্ধারিত হয়েছিল। বিষয় কম ছিল বলে প্রথমবার দেড় দিন ধরে “Aalap” চলেছিল বলে জানালো শিরোপা। দুটি সন্ধ্যেতে এসেছিল দুটি ব্যান্ড—ক্যাকটাস আর দোহার। কালিকা প্রসাদ ভট্টাচার্য্যের দোহার তখন সবে সবে নাম করছে। তাঁর নেতৃত্বে দোহার-এর পরিবেশনা ছাত্রীমহলে খুবই জনপ্রিয়তা লাভ করেছিল। সেই অতীতের দিকে চেয়ে দেখতে গিয়ে কালিকাপ্রসাদের অকালমৃত্যু আলাপের তাতে যেন বিষাদরাগিণীর সুর বাজিয়ে দিল।

২০০৩ থেকে ২০০৫—এই তিন বছর Aalap-এ সফল নেতৃত্ব দিয়ে শিরোপা-ঈশা বিদায় নিল বেথুন কলেজ থেকে, পরবর্তী ছাত্রীদের হাতে রিলে রেস-এর ব্যাটনটা ধরিয়ে দিয়ে। এইভাবে ২০০৩-এ বেথুন কলেজে এক অঘোষিত বিপ্লব ঘটে গিয়েছিল।

আমি ২০১৪ পর্যন্ত বেথুন কলেজে অধ্যাপনায় নিযুক্ত ছিলাম। কলেজের সব রকম কার্য সম্পাদিত হতো বিশেষ বিশেষ কমিটির মাধ্যমে। আমি রাষ্ট্রবিজ্ঞানের ছাত্রী। সেই সুবাদে মজা করে আমি বলতাম যে মার্কিন যুক্তরাষ্ট্র-এর পরে এতো শক্তিশালী কমিটি ব্যবস্থা বেথুল কলেজ ছাড়া বোধহয় আর কোথাও নেই। ২০০৩ সালে সেই কমিটি ব্যবস্থার মধ্যে ঢুকে পড়লো ফেস্ট কমিটি। আমি কোনদিনই সেই কমিটিতে ছিলাম না। সেই কমিটির সদস্য অধ্যাপিকা আর ছাত্রীদের আবদারে কিছু দায়িত্ব পালন করতাম। আর Fest এর দিন তো কিছু অবশ্য পালনীয় দায়িত্ব থাকতই। তখন লক্ষ্য করতাম যে অধ্যাপিকাদের সঙ্গে ছাত্রীদের কী অপরিসীম সখ্যতা ও সহযোগিতা। অন্য কলেজের ছাত্রছাত্রীরা বেথুন কলেজের এই বৈশিষ্ট্যটি নিয়ে হাসাহাসি করতো। কোনো কোনো অধ্যাপিকাও অবাক হতেন। এই Fest তো ছাত্রীদের। সেখানে বেথুন কলেজে অধ্যাপিকারা কেন এই কর্মকাণ্ডে প্রবেশ করেন? বর্তমান নিবন্ধের রচয়িতার মতামত বাদ দিলেও বেথুন কলেজের ছাত্রীদের এই বিষয়ে কি বক্তব্য জেনে নেওয়া যেতে পারে। তাদের মতে অধ্যাপিকাদের এমন ভূমিকা বেথুন কলেজেই সম্ভব। অভিভাবকের মত ছাত্রীদের সঙ্গে থেকে কাজ শিখিয়ে দেন তাঁরাই। ছাত্রীরা হাঁটি হাঁটি পা পা করে হাঁটতে শেখে—তারপর হাঁটতে হাঁটতে দৌড়তে শিখে যায়। টিচার-স্টুডেন্ট দেওয়া নেওয়া এক অনবদ্য সম্পর্কে সংজ্ঞায়িত হয়। কোথাও কোথাও সেই সম্পর্কের তাল-সরগম অনুরণিত হতে তাকে সেই সব ছাত্রীদের মনে—সারা জীবন ধরে। অনেক বিশিষ্টতার মধ্যে এই বিশিষ্টতা বেথুন কলেজ ধরে রাখতে পেরেছে আজও।

রণিতা দাস ও রূপান্বিতা বসু বেথুন কলেজে প্রবেশ করেছে ২০১০-এ। সঙ্গে ছিল সুনেত্রা সমাজপতি। ততদিনে Fest একটা প্রতিষ্ঠিত অনুষ্ঠানের কাঠামো ধরে নিয়েছে। তবুও রণিতার সঙ্গে কথা প্রসঙ্গে উঠে এলো অধ্যাপিকাদের সস্নেহ সহযোগিতা ও অভিভাবকত্বের কথা। অনুষ্ঠান একেবারে সামনে এসে গেলে ছাত্রীরা অনেক রাত পর্যন্ত কলেজে থেকে কাজ করতো আর অধ্যাপিকারা বসে থাকতেন। অপেক্ষা করতেন ওদের কাজ শেষ হওয়া পর্যন্ত। খাবার আনিয়ে খাওয়াতেন এবং খাইয়ে দিতেন আক্ষরিক অর্থে। রণিতারা sponsorer হিসেবে পেয়েছিল Samsung, Nokia, Uninor ইত্যাদি কোম্পানিগুলিকে। রণিতারা প্রতিযোগিতায় আরও নতুন কিছু বিষয় যোগ করেছিল যার মধ্যে উল্লেখযোগ্য ছিল Colours of India আর Rangoli। Colours of India তে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের পোশাকে সেজে মেয়েরা যখন স্টেজে উঠতো তখন দর্শকের আসনে বসে আমাদের ভারতদর্শন হয়ে যেত। কলকাতাকে ছাড়িয়ে পশ্চিমবঙ্গকে অতিক্রম করে আমরা যেন ভারতীয় হয়ে উঠতাম। আর যে বছর থেকে

western classical music-এ প্রতিযোগিতা আহ্বান করা হল সে বছর বেথুন কলেজ যেন এক বিশ্বজনীনতার দরবারে গিয়ে দাঁড়ালো। তখন দুই দিনের সন্ধ্যায় দুটি নাম করা ব্যান্ড আসতো। এইভাবে চন্দ্রবিন্দু, ফসিল, ব্যান্ডেজ—এদের সঙ্গে আমাদের পরিচয়। এখন আরও নতুন নতুন বিষয় ঢুকছে Fest-এ। Nail art বা street play তার মধ্যে অন্যতম। এভাবে on-stage আর Fest দু'দিকেই অনেক নতুন আর আধুনিক বিষয় উঁকি মারতে মারতে ঢুকে পড়েছে।

পাঁচিলঘেরা বেথুন স্কুল ও বেথুন কলেজের অঙ্গনে এইভাবে এক বিপ্লব সূচিত হলো। এই চত্বরে পুরুষের প্রবেশ নিষেধ এই একটি প্রচারিত অলিখিত বিধানকে এক ফুৎকারে উড়িয়ে দিয়ে দলে দলে তরুণ ঢুকে পড়লো বেথুন কলেজে ছাত্র হিসেবে fest-এ অংশগ্রহণ করতে। দীর্ঘদিনের ঐতিহ্য আর অতীতগৌরব রক্ষা করেও বেথুন কলেজ পায়ে পায়ে পেরিয়ে এলো আধুনিকতার দরজা। কলেজের প্রতিবছরের রোজনামচায় Fest তৈরি করতে শুরু করলো তার বিচিত্র ইতিহাস। প্রথম বছরের মতো প্রতি বছর Fest-এর অঙ্গনটিকে ঘিরে দেওয়া হয় অস্থায়ী প্রাচীরের বেষ্টনীতে। এই নিরাপত্তার ঘেরাটোপের উদ্দেশ্য সন্ধ্যেবেলার কোনো খ্যাতনামা ব্যান্ড-এর অনুষ্ঠানের সময় পথচলতি কোনো অচেনা লোক যেন ঢুকে পড়তে না পারে।

তারপর পৃথিবীর আহ্নিক গতি আর বার্ষিক গতির নিয়ম মেনে এসে গেলো ২০১৪ সাল। আমার অবসর গ্রহণের লগ্ন। এবার আমার ভূমিকা বদলে গেলো। এখন অন্দরমহলের আহ্বানে বাহির মহল থেকে এসে কর্তব্য পালনের প্রতিশ্রুতি রক্ষা। প্রতিবছর সৃজনশীল লেখা (বাংলা)-র বিচারকের দায়িত্ব পালনে আমার ডাক পড়ে। আমি সকাল সকাল পৌঁছে যাই কলেজ Fest-এর মহোৎসবে। নিজের কাজটুকু সেরে দর্শকের আসনে বসে আয়োজনে অনুষ্ঠানে মগ্ন হই, মুগ্ধ হই। এইভাবে দেখতে দেখতে সময়ের স্রোতে উজান ঠেলতে ঠেলতে সতেরো বছর পার করে ফেললো আলাপ—বেথুন কলেজের ফেস্ট। এখন আমার কাছে অচেনা সব ছাত্রীরা সেই ধারা বহন করে নিয়ে চলেছে। বর্তমান অধ্যাপক-অধ্যাপিকারা আছেন তাদের পাশে। সেই একই ভাবে। ইতিমধ্যে আরও একটা ঘটনা ঘটেছে। অধ্যাপিকা অধ্যুষিত বেথুন কলেজে বহু অধ্যাপকের আগমন ঘটেছে। সেটাও একটা নিঃশব্দ বিপ্লব। যতদূর দেখি তাঁরাও কলেজকে ভালোবেসেছেন অকাতরে। তাই তাঁরা শুধু চাকরি করেন না। তাঁরা কলেজের উন্নতিতে আত্মনিয়োগ করেন। এটাও বেথুন কলেজের এক পরম প্রাপ্তি।

শিরোপা আর রণিতা—দুই প্রাক্তন ছাত্রীর সঙ্গে Fest নিয়ে আলোচনা করে আমি দূরভাষের মুখ ঘোরালাম অধ্যাপক-অধ্যাপিকাদের দিকে বর্তমান পরিস্থিতি সম্পর্কে কিছু মতামত পাওয়ার উদ্দেশ্যে। পেয়ে গেলাম অর্থনীতি বিভাগের অধ্যাপিকা ডা. মৈত্রী ঘোষ-কে। তিনি সেন্ট জেভিয়ার্স কলেজের ছাত্রী। অন্য সরকারি কলেজে কাজ করার অভিজ্ঞতা নিয়ে বেথুন কলেজে এসেছেন। পাঁচ বছর Fest কমিটির কনভেনর ছিলেন। ছাত্রীদের Fest-এ অধ্যাপক-অধ্যাপিকারা এখনও অভিভাবকের ভূমিকায়। কেমন লাগে? তাঁর কাছে প্রশ্ন রেখেছিলাম। তাঁর বক্তব্য শুনে আমি মুগ্ধ হয়ে গেলাম।

ছাত্রীদের Fest-এ দায়িত্ব নিতে হয় শুনে অধ্যাপিকা হিসেবে মৈত্রীও অবাক হয়েছিলেন। ক্রমে তিনি Fest কমিটির সদস্য হন ও পরে পাঁচ বছর কমিটির কনভেনর হন। তিনি বললেন যে বেথুন কলেজের ছাত্রীরা গুণগত দিক থেকে আলাদা। আর বেথুন কলেজ তার ঐতিহ্যকে রক্ষা করে আধুনিকতার পথে এগোয়। সেই অগ্রগতির পথে শিক্ষকদের অভিভাবকত্ব খুই গুরুত্বপূর্ণ। তিনি ছাত্রীদের বিবেচনা ও সংবেদনীলতার উপরে খুবই আস্থাশীল। এই প্রক্রিয়ায় শিক্ষক-ছাত্র সম্পর্ক যে দৃঢ় হয় অধ্যাপক-অধ্যাপিকাদের তরফ থেকে সেই বিষয়ে তিনিও জোর দিলেন। দু'পক্ষের মধ্যে প্রতি বিষয়ে এবং সামগ্রিকভাবে আলাপ চলতে থাকে। সেই আলাপে শুধু ছাত্রীরাই না শিক্ষকরাও শেখেন অনেক কিছু। চেয়ার-টেবিল টানা থেকে আরম্ভ করে প্রায় সব কাজেই তাঁরা হাত লাগান ছাত্রীদের সঙ্গে। 'আলাপ' ক্রমশঃ জমে ওঠে। সেই আলাপের মূর্ছনা ধ্বনিত হয় বেথুন কলেজের আকাশে-বাতাসে, গাছপালায়-প্রাঙ্গণে। তাই এখনও Fest কমিটিতে অধ্যাপক-অধ্যাপিকারা থাকেন ছাত্রীদের সঙ্গে। আর অনন্যতার নজির তৈরি করে দাঁড়িয়ে থাকে বেথুন কলেজ।

এই বছর ২০২০ তে করোনা আবহে সব অনুষ্ঠানের মতো Fest ও ভার্চুয়াল হবে বলে জানা গেলো। কেমন হবে সে বিষয়ে সকলেই উৎসুক হয়ে আছি। তবে স্টেজ বেঁধে কলেজ প্রাঙ্গণের Fest কে যে এখানে খুঁজে পারো না সেকথা বলাই বাহুল্য। তাছাড়া Fest এর সময় কলেজ সেজে ওঠে পুরো উৎসবের মেজাজে। প্রথম দিকে প্রধানত খাবারের স্টল থাকত। দু'চারটে অন্য কোনো সাম্প্রতিক কালে বহু স্টল—বহু জিনিস—সমস্ত চত্বরই যেন মেলাপ্রাঙ্গনের রূপ নেয়। তবে নানা কারণে 'আলাপ' এখন একদিনই আলাপ করতে আসে। দু'দিনের সেই জাঁকজমক এখন একদিনেই শেষ হয়ে যায়। সেই একদিনের Fest ও এবার করোনা আবহে লুকিয়ে পড়তে চলেছে ভার্চুয়াল Fest এর অন্তরালে। দেখা যাক কী হয় আর কেমন হয়!

# আলাপ-এর কথা

**প্রফেসর প্রতাপ চন্দ্র রায়**, অধ্যাপক, গণিত বিভাগ, বেথুন কলেজ

বেথুন কলেজের বাৎসরিক সাংস্কৃতিক অনুষ্ঠানটি প্রতিবছর অনুষ্ঠিত হয়ে থাকে দুই দিন ধরে। এই সাংস্কৃতিক অনুষ্ঠানের একটা সুন্দর নাম দেওয়া হয়েছে—''আলাপ'' এবং এই নামে পরিচিত 2003 সাল থেকেই। এই সাংস্কৃতিক অনুষ্ঠানটি প্রতিবছর সাধারণত ডিসেম্বর মাসে হয়ে থাকে।

আমরা কলেজে ছাত্র-ছাত্রীদের রোজকার যে পঠন-পাঠন করাই সেটা ছাত্র-ছাত্রীদের মানসিক বিকাশের এক-মাত্রিক দিক মাত্র। এই শিক্ষার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের পূর্ণাঙ্গ বিকাশের সুযোগ খুবই কম হয় বলে—আমার ধারণা। সেই কারণে স্কুল-কলেজে প্রয়োজন হয়ে পড়ে বিশেষভাবে একটা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা—যেটা রোজকার পাঠদানের থেকে অনেকটা দূরে অবস্থান করে। এই অনুষ্ঠান যেন ছাত্র-ছাত্রীদের কাছে নিজেদেরকে জনসমক্ষে আত্মপরিচয়ের প্রকাশ করার এক বিশেষ অনুষ্ঠান। নিজেদের মেলে ধরবার এক সুবর্ণ সুযোগ। কলেজের বাৎসরিক সাংস্কৃতিক অনুষ্ঠান—একজন ছাত্র বা ছাত্রীর সৃজনশীল শিল্প ধারণার পূর্ণাঙ্গ বিকাশের একটি আঁতুড়ঘর বলে মনে হয়। তাই দেখা যায় কলেজের ছাত্র-ছাত্রীদের মধ্যে এই অনুষ্ঠান নিয়ে এতো উন্মাদনা। তারুণ্যের বিকাশ ঘটানোর উন্মাদনা ও নিজ অস্তিত্বের সন্ধানের জন্য জীবনের কিছুটা সময় যাপন করা এই অনুষ্ঠানের মাধ্যমে।

আমাদের মনের গভীরে শিশু বয়স থেকেই performing art-এর বীজ বপন করা থাকে কিন্তু তার বিকাশ ঘটানোর সুযোগ থাকে না অনেকেরই—প্রকাশ্যে জনসমক্ষে প্রদর্শন করবার জন্য। আমাদের মধ্যে এই সাংস্কৃতিক সৃজনশীলতা ঘটে থাকে সাধারণত দুটি ভাবে—জিনগত ভাবে আসে অথবা ছোটবেলায় যে সুস্থ-পরিবেশে আমরা বড় হয়ে তাকি তারই প্রভাবে অথবা এর দুইয়ের প্রভাবের মিলনে। আমরা বলে থাকি—কারও যদি প্রতিভা থাকে, তবে সেটা উদ্ভিদের মতো মাটি ভেদ করে একদিন দিনের আলো দেখবেই।

বেথুন কলেজের এই ''আলাপ''—বাৎসরিক সাংস্কৃতিক অনুষ্ঠানটি খুবই ঘটা করে হয়ে থাকে। কোলকাতার অনেক কলেজের ছাত্র-ছাত্রীরা এই অনুষ্ঠানে আমন্ত্রিত হয়ে থাকে। এইসব ছাত্র-ছাত্রীরা অনুষ্ঠান উপভোগ করতে আসে আর বিভিন্ন প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে থাকে নিজেদের প্রতিভা যাচাই করে নিতে। তারা এই অনুষ্ঠানে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে থাকে আর আনন্দে মেতে ওঠে। সমাজের বিভিন্ন বিষয়ের স্বনামধন্য ব্যক্তিত্বদের আমন্ত্রণ করা হয়ে থাকে এই অনুষ্ঠানের আকর্ষণ বৃদ্ধির জন্য। ছাত্র-ছাত্রীদের নাচ, গান, debate ও অন্যান্য performing art ও creative art-এর প্রতিভা দেখে সত্যিই অবাক হতে হয়। আমরা, যাদের ক্লাসে পড়ানোর সময় অমনোযোগী বলে মনে করি, তাদের performing art-এর দক্ষতা দেখে অবাক হয়ে যাই। এছাড়া ছাত্র-ছাত্রীদের সাংগঠনিক দক্ষতা ও অনুষ্ঠানগুলোর সারাদিনের পরিচালন ক্ষমতা দেখে ভাল লাগে। পর পর সমগ্র অনুষ্ঠানগুলি এই দুটো দিন এগিয়ে চলে সুশৃঙ্খলভাবে আর দ্বিতীয় দিনে অনুষ্ঠানের আকর্ষণ চরমে উঠে সকলকে মাতিয়ে দিয়ে।

বেথুন কলেজে বাৎসরিক ফেস্টের বিভিন্ন ইভেন্টগুলোকে দুইটি পর্যায়ে ভাগ করা হয়ে থাকে— মঞ্চের অনুষ্ঠান (On stage programme) ও মঞ্চের বাহিরের অনুষ্ঠান (Off-stage programme)। মঞ্চের প্রতিযোগিতামূলক অনুষ্ঠানগুলো হল—(১) ভারতীয় সঙ্গীত (২) পাশ্চাত্য সঙ্গীত (৩) প্রশ্ন-উত্তর পর্ব (ক্যুইজ) (৪) ভারতীয় নৃত্য (৫) পাশ্চাত্য নৃত্য (৬) দলবদ্ধ-নৃত্য (৭) বিশেষ অতিথির ভাষণ ইত্যাদি। এই সব প্রতিযোগিতামূলক অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের মধ্যে বিপুল উৎসাহ দেখা যায়।

আবার মঞ্চের বাহিরে যে যে প্রতিযোগিতামূলক অনুষ্ঠান তালিকায় থাকে, সেগুলো হ'ল—

(১) রন্ধন প্রণালী (বিনা তাপে) (২) নখ-শিল্প, বিজ্ঞাপন-পত্র তৈরী ও মুখের রং শিল্প (৩) সৃজনশীল লেখার প্রতিযোগিতা (৪) মেহেন্দি, রঙ্গোলি ও টি-সার্টের রং করার প্রতিযোগিতা (৫) বিতর্ক সভা (ডিবেট) (৬) ফটোগ্রাফি (৭) তাৎক্ষণিক বক্তৃতা (৮) গানের লড়াই (৯) গুপ্তধনের সন্ধান (১০) পথ নাটিকা ইত্যাদি।

এই দুই দিন বেথুন কলেজে সাজো সাজো রব লক্ষ্য করা যায়। বেথুন কলেজের ছাত্রীদের মধ্যে এর আগে থেকেই নিজেদের তৈরি করবার প্রস্তুতি চলতে থাকে বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য। শিক্ষক-শিক্ষিকাদের মধ্যেও যথেষ্ট উৎসাহ দেখা যায় এই অনুষ্ঠান নিয়ে। এই সময় প্রায় সব শিক্ষক-শিক্ষিকাকে এই অনুষ্ঠানের বিভিন্ন দায়িত্ব দেওয়া হয়, ছোট ছোট দল করে।

মূল অনুষ্ঠান এছাড়াও বিভিন্ন খাবার, পোশাক ও প্রসাধনী দ্রব্যের স্টলে ভিড় থাকে লক্ষ্যণীয়ভাবে। দেখে মনে হয় যেন মেলা বসেছে এই বেথুন কলেজ প্রাঙ্গনে। কলেজ অধ্যক্ষের দক্ষ পরিচালনায়, শিক্ষক-শিক্ষিকা, শিক্ষা-কর্মী ও ছাত্রীরা বিভিন্ন কমিটিতে থেকে বেথুন কলেজের এই বৈচিত্রপূর্ণ বাৎসরিক সাংস্কৃতিক অনুষ্ঠানটিকে সফল রূপ দিয়ে থাকেন।

# স্মৃতিধার্য

**মণিদীপা দাশ**
অধ্যাপিকা, বাংলা বিভাগ, এ্যাসোসিয়েট প্রফেসর, সিস্টার নিবেদিতা কলেজ

এ হ'ল আমাদের কলেজের, অর্থাৎ কি না বেথুন কলেজের প্রথম Fest এর নাম। যদিও পরে জেনেছিলাম, এটা-ই প্রথম নয়। তবে, ধারাবাহিক Fest শুরু হ'বার ক্ষেত্রে, এটাই প্রথম।

এ-র রেওয়াজ বেথুনে ছিল না। কেন তবে এই নতুন পথে হাঁটা? আসলে, এর পেছনে ছিল ছাত্রীদের দাবি। তাদের অন্য-কলেজে-পড়া বন্ধুবান্ধবরা যখন নিজেদের কলেজের Fest-এর কথা বলত, তখন বেথুনের ছাত্রীরা কেমন যেন পরাজিত বোধ করত। অনেক অধ্যাপিকাও তাদের এই দাবি-র সাথে সহমত ছিলেন...। আমরা, অর্থাৎ অধ্যাপিকারা হয়তো চেয়েছিলাম বেথুন কলেজের তুলনামূলক নিস্তরঙ্গ জীবনে একটা জোরালো ঢেউ উঠুক। বেথুনের ছাত্রীদের আমরা বোধহয় খুব বেশি আগলে রাখতাম — এবার তারা নিজেরা কিছু করুক, ধাক্কা সামলাক, আনন্দ বেদনা বহন করতে শিখুক কারোর সহায়তা ছাড়াই—হয়তো আমরা এমনটাই ভেবেছিলাম। অথবা চেয়েছিলাম।

সব কলেজে Fest-এর একটা নাম থাকে। আমরাও বেছেছিলাম—'আলাপ'। নামের পরে একটা উপনাম থাকলে, বিষয়টা অনন্য হ'য়ে ওঠে। অতএব 'Tides of Eternity'। নাম নির্বাচন এবং উপনাম সৃজনের কৃতিত্ব নীলাঞ্জনা বাগ্‌চির।

নীলাঞ্জনা ছিলেন, সেই সময়ে তৈরি-হওয়া ফেস্ট কমিটির সদস্য। তাঁর সঙ্গে ছিলেন জয়শ্রী মুখোপাধ্যায়, গার্গী মুখোপাধ্যায়, পিকু দাশগুপ্ত। কমিটির কর্ণধার ছিলেন অধুনাপ্রয়াতা উত্তরা চক্রবর্তী। এটা Teachers' Panel-এ ছিল তৎকালীন G.S. নীলাঞ্জনা সিনহা, আর্টস এর A.G.S. শিরোপা ভট্টাচার্য, Cultural Secretary এবং আরো কয়েকজন। এদের কাজের কোনো অন্ত ছিল না। স্পনসর জোগাড় করা, টাকা পয়সার হিসাব করা, পোস্টার-ব্যানার-আমন্ত্রণপত্র তৈরীর করা, বিভিন্ন কলেজকে আমন্ত্রণ জানানো এবং আরো অনেক মাঝারি ও ছোটো কাজ করা—যেগুলোর সম্মিলিত ফল ছিল Fest-এর বাস্তবায়ন। Fest মানে তো কেবল হইহই আনন্দ-মজা করা নয়—Fest মানে পড়াশোনা আর ভালো রেজাল্ট-এর বাইরে যে পৃথিবীটা আছে—সেই পৃথিবীটাতে ছাত্রছাত্রীদের কতটা দখল আছে, তা মেনে-বুঝে নেওয়া।

আর একটা মজার কথাও লিখতে ইচ্ছে করছে। Fest-এ অন্যান্য কলেজ থেকে অনেক প্রতিযোগী আসত—আর তার ফলে কিছু রোমাঞ্চকর অথবা রোমান্টিক কাহিনীরও জন্ম হত—অবশ্য সেসব কাহিনীর পরিণতি আমাদের গোচরে থাকত না।

2003-এর Fest-এ কয়েকজন বিশিষ্ট ব্যক্তিত্ব এসেছিলেন Eastern Vocal-এর বিচারক হিসাবে। এসেছিলেন শ্রী অধীর বাগ্‌চি এবং শ্রী বিমান মুখোপাধ্যায়। Quiz-এর anchor হিসাবে এসেছিলেন শ্রী পর্ণব মুখার্জী—যিনি পেশায় ছিলেন রয়টার্সের অ্যাসোসিয়েট এডিটর। মনে আছে কয়েকজন ছাত্রীর কথা। অন্বেষা চক্রবর্তী — Students' Band Meet-এ বেথুন গ্রুপের নেত্রী ছিল—অসামান্য ছিল তার কণ্ঠটি। ছিল অলিভিয়া মিত্র Western Vocal Meet-এ সে কোনো একটি Place পেয়েছিল, Eastern Dance-এ তৃতীয় হয়েছিল মধুলীনা সেন—তাকেও মনে পড়ে।

প্রতিযোগিতায় বিষয় ক'টি ছিল—তা আজ আর সম্যক্ মনে পড়ে না। ডকুমন্টেশন-এর কথা তখন মনে হয়নি—আর ভবিষ্যতের চেয়ে বর্তমানের উত্তেজনাই মনকে বেশী অধিকার করে রেখেছিল। এটুকু মনে আছে মাত্র, যে, প্রতিযোগিতাগুলির পুরস্কারগুলির দায়িত্ব নিয়েছিলেন কোনো না কোনো স্পনসরিং এজেন্সি। যতটুকু মনে পড়ে—লিখি।

| **প্রতিযোগিতার পুরস্কার বা অন্যান্য বিষয়** | **স্পনসরিং এজেন্সি** |
|---|---|
| 1. Debate, Quiz, Creative Writing (Eng.), Gate, Gate pass, Poster | ABP Ananda |
| 2. Band Meet, Western Vocal | Radio Mirchi |
| 3. Eastern Dance, Eastern Vocal, Creative Writing (বাংলা) | R. Chowdhury Jewellers |
| 4. Band Meet, Eastern Dance, Eastern Vocal, Skit | Temptation |

এই table তৈরী করতে গিয়ে দেখতে পাচ্ছি, কোনো কোনো ইভেন্ট একাধিক স্পনসর পেয়েছিল। সেটাই স্বাভাবিক। Nestle Company এবং Ajanta Hawai-ও স্পনসর ছিল, তবে এরা কি কি স্পনসর করেছিল, সে কথাটি ভুলে গেছি। Nestle Company যে একটি খাবারের স্টল করেছিল, সে কথাটি অবশ্য মনে আছে। স্টলটি হয়েছিল ক্যান্টিনের পাশে, যেখানে Maggi পাওয়া যাচ্ছিল, যে খাদ্যটিকে আমি 'ম্যাগিসেদ্ধ' আখ্যা দিয়ে থাকি।

ঐ বারের Fest ছিল দু'দিনব্যাপী। তারিখগুলো সঠিক মনে নেই—হয়তো বা 2003 সালের নভেম্বর মাসের শেষ শুক্রবার ও শনিবার। অনুষ্ঠানের শুরুতে, দক্ষিণভারতীয় প্রদীপখানি জ্বালাবার পরে, বক্তৃতা দিয়েছিলেন তৎকালীন অধ্যক্ষা শ্রীমতি মণিমালা দাস। তারপরে ছিল জেনারেল সেক্রেটারির কিছু সময়োচিত বক্তব্য। অতঃপর সুসজ্জিত দর্শকমণ্ডলীর সামনে শুরু হ'য়ে গেল মূল অনুষ্ঠান—প্রতিযোগিতাপর্ব। ছাত্রছাত্রীদের সমবেত আনন্দময় উচ্ছ্বাসধ্বনি, খিলখিল হাসি—এ সব-ই ছিল আসলে Backgroud Music. সারাদিনব্যাপী প্রতিযোগিতা এবং পুরস্কার প্রদানের পর দু'দিনই ছিল দুটি Band-এর গান। একদিন 'দোহার' অপরদিন 'ক্যাকটাস' এসেছিল গান গাইতে। অনেকেরই ব্যাকুল প্রতীক্ষা ছিল এইসব গান স্বকর্ণে শোনবার জন্য। 'ঐ যে হলুদ পাখি / বসে জামরুল গাছের ডালে'—গানটির কথা এখনো মনে আছে। এই Band-এর গান-গাওয়া নিয়ে ছাত্রীরা বেজায় উৎসাহিত ছিল। প্রতিদিনই, এই Band-পর্ব শেষ হবার পরে, Band-সদস্যদের সঙ্গে তাদের নানা ভঙ্গিতে গ্রুপ ফোটো ও একক ফোটো তোলবার মহোৎসব (অথবা প্রতিযোগিতা-কে কতজনের সঙ্গে ছবি তুলতে পারে।) শুরু হ'য়ে গেল। সে সব দৃশ্যগুলোর কথা খুব মনে পড়ে। মনে পড়ে যে, আমরা কয়েকজন মধ্যবয়সী অধ্যাপিকা এবং স্টুডেন্ট ইউনিয়নের কয়েকজন সদস্য ছাত্রীদের এই অতি-উৎসাহে কিঞ্চিৎ জল-ঢালবার দায়িত্ব নিয়ে, ঐখানে হাজির ছিলাম এবং দায়িত্বপালনে প্রায়শঃই ব্যর্থ হচ্ছিলাম। কারণ, নিজেদের তরুণীবেলার কথা মনে পড়ছিল আর বেজায় হাসি পাচ্ছিল। আর তাই, ছাত্রীদের একটু সংযত করবার চেষ্টাটা ফলপ্রসূ হ'চ্ছিল না। তাদের ঐ স্বাভাবিক উচ্ছ্বাস, ঐ চঞ্চলতা, ঐ অধীর আনন্দ—এগুলো এখনও মনের মধ্যে একটা কোমল স্থান অধিকার করে রেখেছে।

স্মৃতি সবসময়ে তথ্যকে অনুসরণ করে না। সকলেই তা জানেন। তাই এইসব টুকরো টুকরো কথা, মনে ক'রে ক'রে, লিখতে গিয়ে হয়তো কিছু তথ্য এদিক-ওদিক হ'য়ে গেল—কোনোটা কলমের ডগায় পৌঁছোতেই পারল না। সেই দু'দিনের অনুভবই তো আর মনের মধ্যে ততটা দৃঢ়ভাবে প্রোথিত নেই।

সময়। সময় সবকিছু ভাসিয়ে নিয়ে যায়।
আমাদের সে দিন কবেই ভেসে গেছে...।



## Aalap 2003

**Dr. Nilanjana Bagchi**
Department of Psychology, Prof. Bethune College

I could still feel the gust of emotions that swept across my mind when I sat down to write about Aalap, the annual Festival of Bethune college in 2003. Filled with apprehension and the fear of the unknown on one hand and the pleasure of exploring the new on the other, it was indeed the time that evoked overwhelming emotions within all of us involved in it. It was the time that the students of Bethune College were being exposed to an event that involved outsiders. I personally feel that it was a milestone in the history of Bethune College-yet another step towards women's empowerment. An event where the rich heritage embraced modernity.

Aalap, the annual festival of Bethune College was not born in a day. It was rather a realization of the dream that the students of the college had nurtured for along time–the dream of hosting a college festival that they would organize by themselves and would call it their own. Thus, they had expressed their desire to the then Principal, Prof Manimala Das. Prof. Das believed in all round development of students. She had a vision of making our students grow experientially beyond gaining bookish knowledge only. Being an ardent believer of women empowerment, Prof. Das had always envisioned that through such activities, the students would gain opportunities for interacting with the world outside that will expose them to enriching and varied life experiences thus breaking the shackles of gender stereotypical roles of women. Moreover, she held that that such an endeavour would not only entertain the students but will eventually help them sharpen the managerial and communication skills inherent in them that will help them be successful in future. Thus, Aalap was born in 2003and was named by the students and the teachers. As far as I can recall, the tag line, Tides of eternity was given by me. I see the birth of Aalap as the embodiment of the zest of the students, zeal of the teachers and inspiration of the Principal.

However, since the event involved a lot of public money and it was the first time for the students, a teachers committee was formed to supervise and guide the students. Dr Uttara Chakraborty and Dr Jayasree Mukherjee were the conveners of the committee. Among the other teachers members were Dr. Sharmila Pal, Dr. Madhumita Manna, Dr. Keya Bose, Gargi Mukhopadhyay, Piku Dasgupta and myself. The teachers committee comprised of senior and junior teachers. All the members of the student's union had actively participated in the event. Among the student members, I can still recall the names of Nilanjana Sinha, the general secretary of students union, Shiropa Bhattacharya, Asst. General Secretary, Isha Sen, Students Welfare Secretary and many others. They had relentlessly given their effort to make the Fest a success. It was decided that the Fest would be held on two consecutive days in late November though I am not being able to recall the exact dates.

There is no denial of the fact that Aalap was initially seen with a little bit of skepticism by many and it involved a lot of apprehension as well. As members of the organizing committee, we were especially concerned about maintaining the discipline during those two days. I can still remember our concern regarding controlling the college gate so that entry of unwanted and unauthorized people could be stopped. Accordingly, the planning was done and a duty list for the teachers was prepared. Few of the senior teachers were in charge of the gate while the others were in charge of different other events along with the student volunteers assigned for each event. Finally, during those two days, we, the members of the organizing committee were extremely vigilant and we were continuously on guard so that no untoward incident occurs within the college premise. However, the students were extremely well mannered and disciplined not only during those two days but also on those days before the Fest was staged. They had abided by the rules laid down by the teachers

and the Principal very meticulously that made us feel proud of them once more. I believe that Their concerted effort have made it easier for the current students to carry forward the legacy even today.

The festival had once again strengthened the existing bonds between teachers and students. It was learning experience for all of us. Through our interactions with the students, we were able to perceive, feel and experience things from their perspective. The students also heartily accepted the intervention of the teachers involved without any resentment. We all felt it to be a challenge of Bethune College which we were determined to overcome together—The teachers, the students and the Principal. There was a unique team spirit that enthralled us all. Enthusiasm on part of non-teaching staff is something that needs special mention. It was as if we had to fight and win a battle together- a battle evoking eustress.

Keeping in mind the academic perspective, events like quiz, debate etc. were included in the two-day schedule. The two most popular music bands that had performed on those two days were Dohaar and Cactus respectively. The selection of the bands was done very judiciously by the student's union and the teachers committee keeping in mind the heritage of the college. Like the Fests that are held currently, the first Fest in 2003 did not have much of stalls except only food stalls. Eminent judges had been invited to judge events like Eastern Vocals, Skit, Western vocals, Eastern dance etc. Stage was constructed by Modern Decorators and Betar Mahal was in charge of sound and light. The event Antakshari was hugely liked by all and due to the demand, we had to keep it on the schedule for the upcoming years.

Needless to say, the first Annual Festival of Bethune College turned out to be a huge success. By success I not only mean from the perspective of entertainment or popularity. I call it successful, because it was the first time that the students had reached outside for advertisements and other financial support. They had managed everything so well. Worth mentioning that they had raised a huge amount of money from the sponsors like R.Chowdhury and Sons, Nestle, Temptation, Radio Mirchi and ABP Ananda etc.

Every moment of Aalap 2003 was filled with challenge and excitement. Every experience was enthralling. It has left an indelible impression on our minds. I consider myself fortunate to have been able to be associated with the first Fest of Bethune College.

# আলাপ সরণী

**ড. অনিন্দিতা দত্ত**, অধ্যাপিকা, বেথুন কলেজ

স্মৃতি আর ইতি বিস্মৃতি। আলাপ সরণী আর স্মরণীয় প্রলাপ। নীল কিশলয় আর তাল ভাঙা লয়। আবেগ মাতাল আর লাগাম কাল। অশ্বমেধের তেজী ঘোড়া আর ক্লান্তি ভস্ম ভাঙাচোরা। তবু কোথাও যেন সুতোর রেশ অথবা বিনি সুতোয় সুরের লেশ।

হয়তো এভাবে 'আর' কিংবা 'অথবা' দিয়ে ছিন্ন করা যায় না কিছু। হয়তো এভাবে সময় দিয়ে সময় চিহ্ন কিংবা সীমানা বলে হয় না কিছু। হয়তো এভাবে আয়না যখন আয়না দেখে জলছবি বলে হয় না কিছু। হয়তো এভাবে ইঁদুরদৌড়ে মেদুর সময় পিছলে যায়, ধরা দেয় না কিছু। তবুও ফাঁদ লেখনী আর করবী হাতে নন্দিনী।

তখন উনিশ, আলাপের ফিসফিস। ঘেরা বাতাসে যেন কীসের আবেশ। ইভ তখনও পাঁচিল ঘেরা, আদম তখন নিষিদ্ধ দেশ। অদ্ভুত অচেনা কড়িকাঠেও উন্মাদনা। হলুদ রঙা হেমন্ত আর শীতের আনাগোনা। দোহার আর ক্যাকটাস তো ক্যাসেটে শোনা। মফস্বলের বিস্ময় দ্বিধা কিছুতেই পিছু ছাড়ে না। আমার কলেজে ভিন্ন কলেজ! দুয়ার খোলা আর অন্য প্রবেশ! কিচ্ছু মেলে না হিসেব নিকেশ! রক্তে নাচে ঝুলন নাচন। একাকার সব প্রলয় বাঁধন। আনন্দেরও উদ্বেগ ভীষণ!

নীল শাড়িতে প্রথম আলাপ। ক্যাম্পাস জুড়ে ক্যানভাস ছাপ। ভাষার খোঁজে চোখের ভাষা। বসন্তই আঁকে লাল নকশা। কখনও মন 'খেঁজুর গাছে হাঁড়ি বাঁধে'। কখনও 'সেই হলুদ পাখি' না ফেরায় কাঁদে। কখন আঁচল কোমর বাঁধা... হাতের তাল পা বেসামাল... ঝনঝনঝন শরীর জুড়ে... কড়া চাউনির ফাঁক ফোঁকরে... বুঝিনি কিছু... উত্তাল মন বাঁও মেলে না... উধাও খাঁচা পাহাড়ী ঝরণা...। দিদিমণিরা পাহারা দেন। চোখের হাসি ঠোঁটে সামলান। শাসনের গায়ে বন্যা ভাঙন। মৃদু প্রশ্রয়ে বেথুন শাসন।

কলেজ ছেড়েছি আলাপ ছাড়িনি। বছর বছর এক দঙ্গল গোল্লাছুট। এক ছুট্টে কলেজ গেট। পুরনো নতুন বেথুন মেট। আস্তে আস্তে ছন্ন ছাড়া। ব্যস্ত সবাই পুতুল গড়া। কুমোরটুলির সার্টিফিকেট। ফের কলেজে, কোম্পানি আলাদা, একই ট্যাবলেট।

আলাপ এখন জমজমাট। সবকিছুতেই ভীষণ স্মার্ট। স্টল থেকে প্রেজেন্টেশন। দুর্দান্ত ক্যালকুলেশন। ডিসেম্বরে মন খুশখুশ। শীতের মাঝে আগুন তুষ। শিকল ছেঁড়ার আগমনী। বিদ্ধ হবে বৃত্ত খানি। ঘন ঘন মিটিং হয় কঠিন কঠিন কথা হয়। নোটিস বোর্ডে ডিউটি পড়ে। আবশ্যিক নাকি?—প্রশ্ন ঘোরে। ডিউটি অদল ডিউটি বদল। মগজ তখন বেবাক বিকল। কলজে জুড়ে ফুর্তি কেবল। স্টল থেকে স্টল—সকাল বিকাল। উড়ু উড়ু মন লাটাই নাকাল।

তবু, প্রোটোকল।

দিদিমণি পাহারা দেন। উদ্বৃত্ত বৃত্তে বাঁধেন। তবু, দিদিমণি পাহারা দেন।

প্রহর পাহারা। আর পাহারায় প্রহর।

# আলোয়-ছায়ায় নতুন আলাপ ঃ অতীত থেকে ২০২০

**প্রফেসর (ড.) কৃষ্ণা রায়**, অধ্যক্ষা, বেথুন কলেজ

কয়েকদিন আগে কথা হচ্ছিল বেথুন কলেজের বিশিষ্ট এক প্রাক্তনীর সঙ্গে। তাঁর কথার ভাঁজে ভাঁজে গাঢ় বেদনার ফুলঝুরি উঁকি দিচ্ছিল, ''জানো, আমাদের সময় কলেজে মেয়েদের কোনো নিজস্ব আনন্দ উৎসব ছিল না। অন্য কলেজে কত কী হত, স্কটিশ, প্রেসিডেন্সি, বিদ্যাসাগর কলেজে। অথচ আমাদের চারদিকে সবসময় এক সতর্ক লক্ষণ-রেখা। তৃষ্ণার্ত হয়ে দেখতাম সেইসব কলেজের অনুষ্ঠান। সে সময় আমরা বেথুন কলেজের ছাত্রীরা মুখে অনেক আলো মেখেও কেমন যেন অবরোধবাসিনী হয়ে ছিলাম। অথচ মেয়েদের নিজস্ব সাংস্কৃতিক অনুষ্ঠান সেই শুরু হল। সময়টা ১৯৯০ সাল। তারপর হয়তো প্রার্থিত উৎসাহ কিংবা প্রেরণার অভাবে আবার সব ঝিমিয়ে গেল। নতুন করে অবশ্য অনুষ্ঠানের আয়োজন-উৎসবে মজল ছাত্রীরা আরো বারো বছর পরে। কলেজের বয়স তখন ১২৫। ২০০৩ সালে, কলেজ কর্তৃপক্ষের সহৃদয় সহযোগিতা পেল তারা। আদর করে অনুষ্ঠানের নাম রাখল আলাপ। সেই ধারা, Tides of eternity এখনও তরতর করে বয়ে চলেছে। কিন্তু এবার যে কী হবে!''

সত্যি তো, **গত আটমাস ধরে ক্যালেন্ডারের** পাতা উড়েছে নিজের খেয়ালে। বেথুন কলেজের ছাত্রীরা দীর্ঘ দীর্ঘ প্রহর ধরে গৃহবন্দী। অতিমারী করোনার আবহে এখন কলেজ প্রাঙ্গণ শূন্য। উদ্ভাসিত আনন্দে ভরপুর সেই আলোক-বালিকাদের আর দেখা যায় না। দুপুর-বিকেলগুলো বড় ম্লান, বড় মলিন। তাদের বছরভর প্রতীক্ষার, বহু প্রত্যাশিত বার্ষিক আনন্দ অনুষ্ঠান ''আলাপ'' উদ্‌যাপনের লগ্ন হাজির, আর তারা কিছুতেই হাজির হতে পারছে না কলেজে। কিন্তু এই উৎসব ব্যর্থ করা যায় নাকি? এ উৎসব তো অকারণ নয়। এ উৎসব এক অর্থে অন্ধকার থেকে আলোর পথে যাত্রা। বেথুন কলেজ প্রাঙ্গণে মেয়েদের সাংস্কৃতিক অনুষ্ঠানের সূচনা কিন্তু হয়েছিল, কলেজের জন্মের দশ বছরের মধ্যেই। সময় ১৮৮৮। রবীন্দ্রনাথ ঠাকুরের ''মায়ার খেলা'' গীতিনাট্য অভিনীত হয় সখী-সমিতির উদ্যোগে। ঠাকুর বাড়ির কন্যারা ইন্দিরা, সরলা তখন কলেজের ছাত্রীসাথী সমিতির উদ্যোগে, তারা অনুষ্ঠানে অংশ-গ্রহণ করেছিল। অনুষ্ঠান উপভোগ করেছিল কলেজের বহিরাগতরাও। তারপরের ইতিহাস সম্ভবত স্পষ্ট নয়। গত শতকে ভারত স্বাধীন হবার পরেও এই ঐতিহ্যবাহী মহাবিদ্যালয়ে ছাত্রীরা কিন্তু দীর্ঘ দিন ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান উদ্‌যাপনের অধিকারে বঞ্চিত। এ নিয়ে সমাজতাত্ত্বিক বিতর্ক হতেই পারে। তবে এটি সত্য ১৮৮৮ থেকে ১৯৯০ এক দীর্ঘ সময় বেথুন কলেজে ছাত্রীদের কেন ছিল না এ সুযোগ? এর মধ্যে কি মিশে ছিলনা শত সহস্র বঙ্গ-দীপবালার অন্তরের উচ্ছ্বাসকে স্তব্ধ রাখার গোপন প্ররোচনা?

উনিশ শতকের সেই বিদেশী নারী শিক্ষানুরাগী জন ইলিয়ট ড্রিঙ্ক ওয়াটার বেথুন চেয়েছিলেন মেয়েদের জীবনে আনন্দের উৎসার এনে দিতে। তাঁরই ইচ্ছেতে আজও মহাবিদ্যালয় প্রাঙ্গণে আনন্দের তরুটি দাঁড়িয়ে আছে, সেই নারী শিক্ষার প্রতীক অশোক বৃক্ষ। অশোক মঞ্জরীর নির্যাসে বয়ে গেছে নারী শক্তির অপার সম্ভাবনা। সেই আনন্দ, সেই শক্তিকে আশ্রয় করে এই অতিমারি আক্রান্ত সময়েও আমাদের ছাত্রীরা সানন্দে এগিয়ে এসেছে সেই অনন্ত আনন্দ ধারাকে নিরন্তর বইয়ে দিতে। চলমান রাখতে আনন্দের সাধনার ধারাকে।

নিন্দুকেরা যে যাই বলুক, এবারের উৎসব সর্বার্থেই অনাবশ্যক নয়। সাংস্কৃতিক অনুষ্ঠানগুলি সরাসরি মঞ্চস্থ করার সুযোগ না থাকলেও ছায়ায়-আলোর ''আলাপ''-২০২০ এর যাত্রা শুরু হয়ে গেছে। নৈবেদ্য অনেক জমা হয়ে চলেছে।

আলাপের সেই প্রত্যাশিত মূর্ছনার শব্দে মুখরিত হয়ে উঠেছে বেথুন কলেজ প্রাঙ্গণ, অশোকের পাতায়, ডালে ছুঁয়েছে আনন্দের আভাস।

হ্যাঁ, আজ শেষ অগ্রহায়ণের দুপুরে অশোকের পাতার ফাঁকে কয়েকটি কমলা রঙের কুঁড়িও চোখে পড়ল। অকাল বসন্তের হাতছানি। ভাল লাগল ভীষণ ভীষণ। এই তো জীবন-সত্য।

অশোকতরুটিও জেনে গেছে, ছাত্রীদের আলাপ এবারেও অব্যাহত থেকেছে। তাই সে খুব খুশি। কোনও ভয়ংকর অতিমারী তাকে ফুল ফোটানোর খেলা থেকে এক ফোঁটাও দাবিয়ে রাখতে পারেনি।

এবার হবে সবার সঙ্গে সবার প্রাণের আলাপ, কেবল মাত্র -----

হ্যাঁ, গানে, তানে আর অবশ্যই স্মরণে।

# BETHUNE COLLEGE STUDENTS' COMMITTEE (2020-21)



Riddhi Mukherjee, Secretary
3rd Year, Economics (H)



Shinjini Kar, Cultural Head
3rd Year, Chemistry (H)



Koushani Ghosh, Literary Head
3rd Year, Economics (H)




Shaoni Mallick, Creative Head
3rd Year, Psychology (H)



Asmita Ghosh, Head of PR
3rd Year, Economics (H)



Tanisha Chakraborty, Treasurer
3rd Year, Economics (H)



Anoushka Banerjee, Supervisor
3rd Year, Political Science (H)



Sanjukta Chakraborty, Coordinator
3rd Year, Economics (H)



Arpita Mitra, Sports Secretary
3rd Year, Economics (H)



Aratrika Senupta, Head of Human Resources
3rd Year, Psychology (H)



Rupkatha Sanyal, Head of Event Management
3rd Year, Economics (H)



Shrestha Pal, Head of Documentation
3rd Year, Economics (H)



Anwesha Pratihar, Head of Technical and Designs
3rd Year, Psychology (H)



Debodipta Paul, Secretary of Quiz and Debate Club
3rd Year, Political Science (H)



Debashree Roy, Secretary of Film and Drama Club
3rd Year, Economics (H)



Anwesha Kabiraj, Secretary of Science and Environment Club
3rd Year, Economics (H)



Ranjni Ghosh, Secretary of Photography Club
3rd Year, Economics (H)

## KOTHA-O-KABBO (RECITATION)

1ST



MADHUPARNA DAS

UG 3, PHYSICS

2ND



SREEJITA CHAKRABORTY

UG 5, COMPUTER SCIENCE

3RD



SRIJANI DAS

UG 3, HISTORY

## GAAN ER OPARE (RABINDRA SANGEET)


1ST



ADRIJA BHATTACHARYA

UG 3, POLITICAL SCIENCE


2ND



AYANTIKA MISHRA

UG 3, HISTORY

3RD



ADRIJA BHATTACHARYA

UG 5, PSYCHOLOGY

## TAAN-E-BITAANE (EASTERN VOCALS)

1ST



SAHANA CHANDRA

UG 1, PHYSICS

2ND



SHRUTI MISHRA

UG 3, ENGLISH

3RD



TRISHA PAL

UG 1, PHYSICS

## MUSE N' MADNESS (WESTERN VOCALS)

### 1ST



SHAONI MALLICK

UG 5, PSYCHOLOGY


### 2ND



RIMA KUNDU

UG 3, COMPUTER SCIENCE

### 3RD (JOINT WINNERS)



TASNEEM AYUB

UG 5, ZOOLOGY



SOUMASHREE MUKHERJEE

UG 3, ENGLISH

## SIZZLE N' STOMP (WESTERN SOLO DANCE)


### 1ST



SUBHASHREE SAHA

UG 3, STATISTICS


### 2ND



JAYEE MUKHERJEE

UG 3, PHILOSOPHY



### 3RD






AISHWARYA DEY

UG 3, ECONOMICS

## TATKAAR (EASTERN SOLO DANCE)


| 1ST | 2ND | 3RD |
|---|---|---|
|  |  |  |
| MANISHA BHADURI | JAYEE MUKHERJEE | SWAGATA MITRA |
| UG 5, COMPUTER SCIENCE | UG 3, PHILOSOPHY | UG 3, BOTANY |

## STAY IN 'DIS COURSE (DEBATE)

| 1ST | 2ND | 3RD |
|---|---|---|
|  |  |  |
| BIDISHA ACHARYYA, UG 1, ENGLISH | SRIJANI DAS, UG 3, HISTORY | PUNAM SAROJ, UG1, COMPUTER SCIENCE |
|  |  |  |
| ATREYEE BOSE, UG 1, ENGLISH | SOUMILI ROY, UG 3, HISTORY | DEBOSMITA BANDOPADHYAY UG 1, COMPUTER SCIENCE |





*The live debate in progress.*





*The virtual showcase of winners in various categories.*

*Ending the event with an amazing from performance from Bethune College Choir!*








# SOME GLIPMSES OF AALAP'20




*Lighting of the inaugural lamp*



Principal Madam's speech




Students and teachers enjoying the fest !




**Publishing of AALAP 2020**

**PROGRAM / EVENT SCHEDULE - 22nd Dec. 2020 05-08 PM. IST**
**[Topic : Bethune College Annual Cultural Festival "AALAP 2020"]**

Join ZOOM Meeting : https://zoom.us/i/92983255340?pwd=aEdkelpHMDR6ZEg2RlhxQWpldlRhQT09

Meeting ID : 929 8325 5340 • Passcode : 792418

**INAUGURATION / WELCOME ADDRESS - 5 PM.**

**PRINCIPAL MADAM'S SPEECH**

| | | |
|---|---|---|
| TAAN-E-BITAANE | (Eastern Vocal) | 5.15 pm |
| MUSE N MADNESS | (Western Vocal) | 5.35 pm |
| GANN ER OPAARE | (Rabindra Sangeet) | 5.50 pm |
| TATKAAR | (Eastern Solo Dance) | 6.10 pm |
| SIZZLE n' STOMP | (Western Solo Dance) | 6.20 pm |
| KOTHA-O-KABBO | (Recitation) | 6.40 pm |
| STAY IN DIS COURSE | (Debate) Live | 7.00 pm |
| VOTE OF THANKS | | 7.45 pm |
| BETHUNE COLLEGE CHOIR PERFORMANCE | | 7.50 - 8.00 PM. |

## BETHUNE COLLEGE STUDENTS' COMMITTEE
## (BCSC)
## PRESENTS

# AALAP 2020

## 22nd December